
# ভোটার গাইড

1989 সাল থেকে সিটি নির্বাচনগুলোর জন্য আপনার নির্দলীয় গাইড




## আপনি যে সিটির জন্য অগ্রিম ভোট প্রদান করতে চান

**অগ্রিম ভোট প্রদান: 26 অক্টোবর – 3 নভেম্বর**
**সাধারণ নির্বাচন: 5 নভেম্বর**


**অগ্রিম ভোট প্রদান** পৃষ্ঠা 4

**কীভাবে ভোট দেবেন** পৃষ্ঠা 8

**ম্যাচিং ফান্ডস প্রোগ্রাম** পৃষ্ঠা 10

**প্রার্থীদের প্রোফাইল** পৃষ্ঠা 12

**ব্যালটের প্রস্তাবনা** পৃষ্ঠা 15

**সচরাচর জিজ্ঞাসিত প্রশ্নাবলী** পৃষ্ঠা 30


**5 নভেম্বের আপনি এখানে ভোট দিন**

আপনার অগ্রিম ভোট কেন্দ্রের জন্য voting.nyc ভিজিট করুন

nyc votes
New York City Campaign Finance Board

কাউন্সিল ডিস্ট্রিক্ট:
এসেম্বলি ডিস্ট্রিক্ট:
নির্বাচনের ডিস্ট্রিক্ট:
ভোট কেন্দ্র:

ইংরিজি প্রচ্ছদে >

New York City
Campaign Finance Board
100 Church Street
New York, NY 10007

# আপনার 2019 সালের NYC ভোটার নির্দেশিকায় আপনাকে স্বাগতম

**2019 নিউ ইয়র্ক সিটি (NYC) ভোটার গাইডে আপনাকে স্বাগতম! কমিউনিটি, নেইবারহুড ও সিটিতে প্রভাব ফেলার এটি আপনার একটি সুযোগ। নিউ ইয়র্ক সিটির পরবর্তী পাবলিক এডভোকেট সহ আপনার প্রার্থীদের তথ্য, কীভাবে ভোট দিবেন এবং আরো অন্যান্য তথ্য, জানার জন্য এই গাইডটি পড়ুন। অন্যান্য প্রতিদ্বন্দ্বী প্রার্থীরা যারা আপনার ব্যালটে যুক্ত হয়েছে সেই সম্পর্কে আরো জানার জন্য voting.nyc -তে দেখুন।**

### ভুলবেন না!

- আপনি এখন আগাম ভোট দিতে পারেন। আরো তথ্যের জন্য পৃষ্ঠা 4 দেখুন।
- আপনি গুরুত্বপূর্ণ ব্যালট প্রস্তাবনার উপর ভোট দিবেন (পৃষ্ঠা 15 দেখুন)। এই সকল ইস্যুগুলো ও অন্যান্য নির্বাচনে ভোট দিয়েছেন তা নিশ্চিত করার জন্য আপনার ব্যালটের প্রতিটি পৃষ্ঠার উভয় দিকে ভাল করে দেখে নিন।

## নির্বাচনের তারিখ এবং সময়সীমা

**অক্টোবর 11**
- সাধারণ নির্বাচনে ভোট দিতে নিবন্ধন করার শেষ দিন (মেইলের মাধ্যমে) (অবশ্যই 16 অক্টোবরের মধ্যে সিটি BOE কর্তৃক গৃহীত হতে হবে)
- সাধারণ নির্বাচনে ভোট দিতে নিবন্ধন করার (স্বশরীরে) শেষ দিন

**অক্টোবর 26**
- **অগ্রিম ভোট প্রদান শুরু হবে**

**অক্টোবর 29**
- অনুপস্থিতি ব্যালটে পোস্টমার্ক লাগিয়ে আবেদন পাঠানোর শেষ তারিখ

  *আপনি যদি নির্বাচনের দিন (5 নভেম্বর) তারিখে আপনার পোল সাইটে যেতে না পারেন তাহলে আপনি অনুপস্থিত ব্যালট আবেদন করার অধিকারী।

**নভেম্বর 03**
- অগ্রিম ভোটদান শেষ হবে

**নভেম্বর 04**
- সাধারণ নির্বাচনে ভোট দিতে নিবন্ধন করার (স্বশরীরে) শেষ দিন
- অনুপস্থিতি ব্যালটে পোস্টমার্ক লাগানোর শেষ তারিখ (অবশ্যই 12 নভেম্বর তারিখের মধ্যে সিটি BOE দ্বারা গৃহীত হতে হবে)

**নভেম্বর 05**
- BOE এর কাছে অনুপস্থিতি ব্যালট (স্বশরীরে) পৌঁছানোর শেষ দিন
- **সাধারণ নির্বাচনের দিন**

## BOE-এর কাছে আপনার তথ্য হালনাগাদ করুন

আইন অনুযায়ী, নিউ ইয়র্ক সিটির প্রত্যেক বাড়ির নিবন্ধিত ভোটারদের কাছে ক্যাম্পেইন ফিন্যান্স বোর্ড একটি ভোটার গাইড অবশ্যই পাঠাবে।

যদি আপনি এই ভোটার গাইডটি ডাক যোগে পেয়ে থাকেন কিন্তু আপনি পত্রের প্রাপক নন, অথবা পত্রের প্রাপক ঠিকানা পরিবর্তন করেছেন বা মৃত্যু হয়েছে, তাহলে BOE-কে অবহিত করুন (পৃষ্ঠা 32 দেখুন “BOE-কে যোগাযোগ” দেখুন)।



## সবুজ শক্তি ব্যবহার করুন!


এর পরিবর্তে ইমেল এর মাধ্যমে আপনার ভোটার নির্দেশিকা পাওয়ার জন্য **nyccfb.info/go-paperless** এ সাইন আপ করুন।

## কোথায় যেতে হবে তা জেনে নিন




**ডাক যোগে কি এই ভোটার গাইডটি পেয়েছেন?** 5 নভেম্বরে কোথায় ভোট দিবেন তা জানতে কভারটি ভালোভাবে চেক করে নিন।

অথবা



**voting.nyc** চেক করে আপনার ব্যালটের কপিটি দেখুন এবং যাবার আগে আপনার ভোট কেন্দ্র কোথায় তা নিশ্চিত করতে “কোথায় ভোট দিবেন” এ ক্লিক করুন।

অথবা




আগে ভোট দিতে চাইলে বোর্ড অভ ইলেকশন কে **866-VOTE-NYC** নম্বরে কল করে কোথায় ভোট দিতে পারেন তা জানুন।

## ভোটপ্রদান সম্পর্কে স্মার্টার হোন


**nycvotes.nyccfb.info** এ সাইন আপ করুন বা আমাদের কাছ থেকে ইমেল এবং টেক্সট অ্যালার্ট পাওয়ার জন্য **NYCVOTES** লিখে **+1-917-979-6377** এ পাঠান, যাতে আপনি আর কোনো নির্বাচন মিস না করেন!

আর **nycvotes.nyccfb.info/nycvotesblog** এ সর্বশেষ ভোট প্রদান সংস্কারের অগ্রগতি অব্যাহত রাখার বিষয়টি নিশ্চিত করুন।




## ভোটদানের জন্য একটি পরিকল্পনা করুন

### আজ



**একটি সময় বেছে নিন**

ভোট প্রদানের জন্য উপযুক্ত একটি সময় নির্ধারণ করুন এবং ক্যালেন্ডারে মার্ক করে রাখুন। মনে রাখবেন, আপনি 26 নভেম্বর থেকে অগ্রিম ভোট দিতে পারবেন (পৃষ্ঠা 4 দেখুন)। আপনার পরিবার ও বন্ধুদেরকে আপনার সাথে যোগ দিতে বলুন।




**আপনার ভোটার কেন্দ্র খুঁজে নিন**

আপনার ভোট কেন্দ্রের অবস্থান জেনে নিন (যদি আপনি 5 নভেম্বর ভোট না দিয়ে অগিম ভোট দান করেন তবে আপনার ভোট কেন্দ্র ভিন্ন হতে পারে)।




**প্রার্থীদের ও ব্যালট প্রস্তাবনা পড়ুন**

প্রার্থীদের সম্পর্কে পড়ুন ও **voting.nyc** থেকে তাদের দেওয়া বক্তব্যের ভিডিও দেখুন।




**তথ্যের ভিত্তিতে সিদ্ধান্ত নিন**

### যে দিন ভোট দিতে যাবেন



**ভোট কেন্দ্রের অবস্থান আবার যাচাই করে নিন**


ভোট কেন্দ্রের অবস্থান আবার যাচাই করতে **voting.nyc** ভিজিট করুন।



**এই ভোটার গাইডটি আপনার সাথে নিয়ে আসুন**



**ভোট দিন! আপনার সাথে আপনার পরিবার ও বন্ধুবান্ধবদেরকেও নিয়ে আসুন!**


26
র 27
অগ্রিম ভোট প্রদান
কারন ভোট প্রদান
আপনার সময়সূচি
অনুযায়ী হওয়া উচিৎ

আরো তথ্যের জন্য **voting.nyc** ভিজিট করুন।

# অগ্রিম ভোট প্রদান

এই শরতে নিউ ইয়র্কের ভোটারগণ অগ্রিম ভোট প্রদান করতে পারবেন!

**26 অক্টোবর, শনিবার থেকে শুরু করে 3 নভেম্বর, রবিবার** পর্যন্ত আপনি আপনার বরোর মধ্যে নির্ধারিত কেন্দ্রে আপনার ভোট প্রদান করতে পারবেন।

**নির্বাচনের দিন (5 নভেম্বর) আপনার নিয়মিত ভোট কেন্দ্রে আপনার ভোট দেওয়ার বিকল্প উপায় থাকবে। আপনি যদি নির্বাচনের দিন ভোট করতে না পারেন, তবে আপনি অনুপস্থিত ব্যালটের মাধ্যমে ভোট দেওয়ার জন্য অনুরোধ করতে পারেন।**

## অগ্রিম ভোট প্রদানের সময়সূচি

| | | |
|---|---|---|
| শনিবার | 26 অক্টোবর | সকাল 10:00 থেকে বিকেল 4:00 |
| রবিবার | 27 অক্টোবর | সকাল 10:00 থেকে বিকেল 4:00 |
| সোমবার | 28 অক্টোবর | সকাল 9:00 থেকে বিকেল 5:00 |
| মঙ্গলবার | 29 অক্টোবর | সকাল 7:00 থেকে সন্ধ্যা 8:00 |
| বুধবার | 30 অক্টোবর | সকাল 9:00 থেকে বিকেল 5:00 |
| বৃহস্পতিবার | 31 অক্টোবর | সকাল 9:00 থেকে বিকেল 5:00 |
| শুক্রবার | 1 নভেম্বর | সকাল 7:00 থেকে রাত 8:00 |
| শনিবার | 2 নভেম্বর | সকাল 10:00 থেকে বিকেল 4:00 |
| রবিবার | 3 নভেম্বর | সকাল 10:00 থেকে বিকেল 4:00 |

## অগ্রিম ভোট প্রদানের কেন্দ্র সমূহ

আপনার অগ্রিম ভোট প্রদানের ভোট কেন্দ্র BOE কর্তৃক নির্ধারিত হবে এবং নির্বাচনের দিনে আপনি যেই কেন্দ্রে ভোট প্রদান করে থাকেন, এটি তা থেকে ভিন্ন হতে পারে। আপনার অগ্রিম ভোট প্রদানের কেন্দ্রটির অবস্থান জানতে **voting.nyc** ভিজিট করুন।

**ভোট কেন্দ্রের অবস্থান সমূহ পরিবর্তন যোগ্য, তাই যাবার পূর্বে চেক করে নিশ্চিত হয়ে নিন।**

# ভোটার হিসেবে আপনার অধিকার

## সাধারণ নির্বাচনে আপনার ভোট প্রদানের অধিকার রয়েছে যদি:

- আপনি হলেন একজন নিবন্ধিত ভোটার (আপনি নিবন্ধিত কিনা তা নিশ্চিত নন? দেখে নিন voting.nyc - তে)।
- আপনার বয়স কমপক্ষে 18 বছর এবং আপনি হলেন মার্কিন যুক্তরাষ্ট্রের একজন নাগরিক।
- সময় শেষ হওয়ার পূর্বেই আপনি আপনার ভোটকেন্দ্রের লাইনে দাঁড়ান। **voting.nyc-এ আপনার ভোট কেন্দ্র ও সময় দেখে নিন**।

*আপনার ভোট কেন্দ্র জানতে voting.nyc দেখুন। যদি এই ভোট কেন্দ্রে আপনি এইবার প্রথমবার ভোট প্রদান করছেন বা আপনি গতবার ভোট প্রদানের পর স্থানান্তরিত হয়ে থাকেন বা দল পরিবর্তন করে থাকেন, তাহলে আপনাকে ভোট প্রদানের জন্য পরিচয়পত্র দেখানোর প্রয়োজন হতে পারে। অন্যথা, পরিচয়পত্র আপনার সাথে নিয়ে আসার প্রয়োজন নেই।


## যেকোনো নির্বাচনে, আপনার অধিকারের মধ্যে রয়েছে:

- একজন পোল কর্মী বা আপনার পছন্দমত যে কোনো ব্যক্তির কাছে (আপনার নিয়োগকর্তা বা ইউনিয়নের প্রতিনিধি ব্যতীত) সহায়তা চান। আপনার যদি একজন অনুবাদক প্রয়োজন হয়, তাহলে সেক্ষেত্রে নির্বাচিত কেন্দ্র সমূহে ভোটারদেরকে সহায়তার জন্য BOE এর অনুবাদকগণ প্রস্তুত থাকবেন। কোন ভোট কেন্দ্রে এবং কোন ভাষার অনুবাদকগণ রয়েছেন তা জানতে **866-VOTE-NYC** এ কল করুন।
- আপনার সাথে এই গাইডটিসহ প্রয়োজনীয় উপকরণসমূহ নিয়ে আসুন (আপনি যাওয়ার পূর্বে সেগুলোকে আপনার সাথে অবশ্যই ফেরত নিয়ে যাবেন)।
- ভোট প্রদানের মেশিন নষ্টথাকলেও ভোট প্রদান করুন।
- আপনার নাম যদি আপনার ভোট কেন্দ্রের ভোটার তালিকায় না থাকে তাহলে হলফনামা/এফিডেভিট ব্যালটের মাধ্যমে ভোট প্রদান করুন।

## ভোট প্রদানের জন্য কর্মস্থল থেকে আপনার ছুটি নেওয়ার অধিকার রয়েছে।

আপনি যদি নির্বাচনের দিনে ভোট প্রদানের পরিকল্পনা করেন তাহলে নিউ ইয়র্ক স্টেট আইন আপনাকে ভোট প্রদানের জন্য আপনার নিয়োগকর্তাকে **নির্বাচনের দিনের কমপক্ষে দুইদিন পূর্বে** অবগত করা সাপেক্ষে আপনার শিফটের শুরুতে বা শেষে **তিন ঘণ্টা পর্যন্ত বেতনসহ ছুটি** নেওয়ার অনুমতি দেয়।

আপনার নিয়োগকর্তাকে প্রতিটি নির্বাচনের কমপক্ষে 10 দিন আগে কর্মস্থলে এই শর্তাবলী সম্পর্কে একটি দৃষ্টি আকর্ষণকারী বিজ্ঞপ্তি অবশ্যই ঝুলিয়ে দিতে হবে। নির্বাচনের দিন নির্বাচন শেষ না হওয়া অবধি এই বিজ্ঞপ্তিটি অবশ্যই ঝুলানো থাকবে।





nyc votes

# ভোট প্রদানের সময় আপনার সহায়তা চাওয়ার অধিকার রয়েছে

আপনার যদি কেন্দ্রে ভোট প্রদানের জন্য সহায়তার প্রয়োজন হয় তাহলে সেক্ষেত্রে আপনার নিয়োগকর্তা বা ইউনিয়নের প্রতিনিধি ব্যতীত, আপনার পছন্দমত অন্য কারোর কাছ থেকে সহায়তা চাওয়ার অধিকার আছে।

এছাড়াও আপনি ব্যালট চিহ্নিতকারী ডিভাইস ব্যবহার করতে চাইতে পারেন (পৃষ্ঠা 4-এ আরো জেনে নিন)।




# কীভাবে ভোট দেবেন

## 1 সাইন ইন করুন এবং আপনার ব্যালট গ্রহণ করুন

নিবন্ধিত ভোটারদের তালিকা থেকে একজন পোল কর্মী আপনার নাম খুঁজে দেবেন। আপনি সাইন ইন করার পর, আপনার ব্যালটসহ একটি গোপন খাম পাবেন এবং আপনাকে একটি গোপনীয় বুথে পাঠানো হবে।

এই গাইডটি বা নির্বাচন বোর্ড থেকে প্রাপ্ত আপনার অ্যাসেম্বলি ডিস্ট্রিক্ট/নির্বাচন ডিস্ট্রিক্ট (AD/ED) নম্বর প্রদর্শনকারী বার্ষিক বিজ্ঞপ্তিটি সাথে নিয়ে আসলে তা আপনার সাইন ইন প্রক্রিয়াকে দ্রুততর করতে পারে।





## 2 আপনার ব্যালটটি চিহ্নিত করুন

আপনার পছন্দের পাশের ডিম্বাকৃতির ঘরটি সম্পূর্ণ ভরাট করে আপনার ব্যালট চিহ্নিত করুন।* প্রার্থীর নাম লেখার জন্য, উপযুক্ত ডিম্বাকৃতির ঘরটি পূরণ করুন এবং প্রার্থীর নাম লিখুন। আপনি যে প্রত্যেক প্রতিদ্বন্দ্বী ও ব্যালট প্রস্তাবনায় ভোট প্রদান করেছেন সেটি নিশ্চিত করতে আপনার ব্যালটের প্রত্যেক পৃষ্ঠার উভয় পার্শ্ব পরীক্ষা করার ব্যাপারে স্মরণ রাখুন। **আপনি যদি কোনো ভুল করে ফেলেন তাহলে পোল কর্মীকে একটি নতুন ব্যালট দিতে বলুন**।

### *ব্যালট চিহ্নিতকারী ডিভাইস

আপনি যদি ভোট দেওয়ার জন্য আপনার ব্যালট হাতে পূরণ করার বদলে ব্যালট মার্কিং ডিভাইস (BMD) ব্যবহার করতে চান তাহলে একজন পোল কর্মীকে বলুন। আপনি ব্যালটটি একটি ডিসপ্লে স্ক্রিনে দেখতে বা হেড ফোনের মাধ্যমে আপনার বিকল্পসমূহ শুনতে BMD ব্যবহার করতে পারেন। BMD ভোটারদেরকে ব্যালট চিহ্নিত করার জন্য চারটি উপায় প্রদান করে:


1. টাচ স্ক্রিন
2. কী প্যাড (ব্রেইল)
3. সিপ ও পাফ ডিভাইস
4. রকার প্যাডেল




**বর্জনীয়:** "x" বা "✓" ব্যবহার করা, ওভালটিকে বৃত্তাকার করা, কোনো হিজিবিজি আঁকা, আপনার ব্যালট ভাঁজ করা বা আপনার নাম স্বাক্ষর করা/লেখা।

## 3 আপনার ব্যালট স্ক্যান করুন

আপনি আপনার পছন্দসমূহ ভরাট করা সম্পন্ন করার পর, আপনার ব্যালটটিকে স্ক্যানারের কাছে নিন। আপনার ব্যালটটিকে স্ক্যানারে প্রবেশ করান। আপনার ভোট গৃহীত হয়ে গেলে স্ক্যানার আপনাকে জানিয়ে দেবে।



# পরিবর্তনের জন্য ভোট দিন

**যদি আপনি যেসকল বিষয়ে সচেতন সেগুলোর ব্যাপারে একটি পরিবর্তন আনার জন্য ভোট প্রদান করা বিশেষত স্থানীয় নির্বাচনসমূহে, আপনার জন্য অন্যতম সেরা উপায়। আমরা যেসকল ব্যক্তিকে নির্বাচিত করি তারা সেইসকল সিদ্ধান্ত নেন যেগুলো আমাদের এলাকাসমূহ, স্কুল, কর্মসংস্থান এবং প্রতিদিনকার জীবনের মানকে প্রভাবিত করে থাকে।**

### পাবলিক অ্যাডভোকেট

পাবলিক অ্যাডভোকেট মেয়রের ঠিক পরের সারিতে পড়েন। সিটি সরকারের জনগণের প্রতিনিধি হওয়ার কারণে, পাবলিক অ্যাডভোকেট অভিযোগ তদন্ত করার এবং সিটি পরিষেবাসমূহ সম্পর্কে সুপারিশমালা প্রণয়ন, নিউ ইয়র্কবাসীদের নিজেদেরকে সুরক্ষিত করার জন্য তথ্য প্রদান এবং বিল প্রণয়ন বা কো-স্পন্সর করতে পারেন।

# এক নজরে নির্বাচন

◆ কোনো প্রার্থী যদি NYC ক্যাম্পেইন ফাইন্যান্স প্রোগ্রামে অংশগ্রহণ করেন তবে এই ব্যাজটি প্রদর্শিত হবে।

### পাবলিক অ্যাডভোকেট দেখুন পৃষ্ঠা 12

পাবলিক অ্যাডভোকেট সিটি সরকারে জনগণের প্রতিনিধি।



◆ জুমানে উইলিয়ামস
Jumaane D. Williams
[ডেমোক্রেটিক]




জোসেফ বোরেলি
Joseph Borelli
[রিপাবলিকান, কনজারভেটিভ]



ডেভিন বালকিন্ড
Devin Balkind
[লিবার্টেরিয়ান]

# আপনার ব্যালটটি উল্টান!




**আপনি প্রত্যেক প্রতিদ্বন্দ্বী ও ব্যালট প্রস্তাবনায় ভোট প্রদান করেছেন সেটি নিশ্চিত করতে আপনার ব্যালটের প্রত্যেক পৃষ্ঠার উভয় দিক পরীক্ষা করুন!**

**আপনার ব্যালটে সিটি চার্টার সংশোধনের প্রস্তাবনাসমূহ থাকবে।**

প্রতিটি প্রশ্নের জন্য আপনার পছন্দ অনুসারে ডিম্বাকৃতি অংশটি সম্পূর্ণরূপে পূরণ করে হ্যাঁ বা না ভোট দিন।

পৃষ্ঠা উল্টান

# নিউ ইয়র্ক সিটির ম্যাচিং ফান্ডস প্রোগ্রাম

**নিউ ইয়র্ক সিটি ক্যাম্পেইন ফিন্যান্স বোর্ড (CFB) সিটির ক্যাম্পেইন ফিনান্স প্রোগ্রামটি পরিচালনা করে, যেটি দেশের মধ্যে অন্যতম শক্তিশালী।**

এই প্রোগ্রামটি আমাদের নির্বাচনসমূহে অর্থায়নকে অধিক ন্যায়সঙ্গত ও স্বচ্ছ করার মাধ্যমে দূর্নীতি ও দূর্নীতির আবির্ভাবকে প্রতিরোধ করে। প্রোগ্রামে যোগদানের সিদ্ধান্ত গ্রহণকারী যোগ্যতাসম্পন্ন প্রার্থীগণকে অবশ্যই তারা যেসব নিউ ইয়র্কবাসীদের প্রতিনিধিত্ব করতে চান তাদের নিকট থেকে সামান্য কিছু ডলার অনুদান সংগ্রহ করতে হবে এবং ব্যয়ের নির্দিষ্ট কিছু সীমারেখা মেনে চলতে হবে। পরিবর্তে তারা জন সাধারণের মিলে যাওয়া তহবিল পেতে পারেন যা তাদের প্রতিযোগিতামূলক প্রচারাভিযান চালাতে সাহায্য করবে।


সামান্য কিছু ডলারের অনুদানের উপর নির্ভরশীল থাকার অর্থ হলো প্রোগ্রামের প্রার্থীরা তাদের কমিউনিটিতে অধিক সময় ব্যয় করবেন, তাদের ডিস্ট্রিক্টের বাসিন্দাদের কথা শুনবেন এবং তাদের সাথে কথা বলবেন।

যে বৈচিত্র্য আমাদের সিটিকে শক্তিশালী করে তোলা নিশ্চিত করতে সাহায্য করে এই প্রোগ্রামটির দ্বারা তা আমাদের সরকারের কাছে প্রতিফলিত হয় এবং ধনী অনুদানদাতা বা বিশেষ স্বার্থযুক্ত গোষ্ঠীর পরিবর্তে নির্বাচকদের উদ্বেগ প্রথমে আসে।


## NYC এর ম্যাচিং ফান্ডস প্রোগ্রামের সুবিধা

1. নিউ ইয়র্কবাসীদের সম্পদে অ্যাক্সেস ছাড়াই স্থানীয় দফতর পরিচালনা সম্ভবপর করে তোলা
2. সমাজের বিভিন্ন ক্ষেত্র থেকে উঠে আসা নিউইয়র্কবাসীদের স্থানীয় নির্বাচনে অংশ নিতে সাহায্য করে এর সাথে নিশ্চিত করে যে আমাদের সিটির বৈচিত্র্যটি আমাদের সরকারে প্রতিফলিত হয়
3. আমাদের স্থানীয় নির্বাচনগুলিতে বিশেষ সুবিধাভোগীর অর্থের প্রভাবকে সীমাবদ্ধ করে যাতে প্রার্থীরা যে জনগণের সেবায় নিয়োজিত তাদের প্রতি দায়বদ্ধ থাকে
4. নিউ ইয়র্কবাসীদের স্বল্প ডলারের অনুদানসমূহের মূল্যকে বৃদ্ধি করে তাদের প্রাত্যহিক বক্তব্যকে জোড়ালো করে
5. প্রার্থীরা যে তহবিল গঠন করেছে ও ব্যয় করেছে তা প্রকাশ ও অনবধানতার জন্য প্রার্থীগণকে দায়বদ্ধ রাখার পাশাপাশি রাজনৈতিক প্রক্রিয়ায় দূর্নীতি ও দূর্নীতির আবির্ভাবকে হ্রাস করে


## NYC এর ম্যাচিং ফান্ডস প্রোগ্রাম বুঝা



প্রার্থীরা নিউ ইয়র্কবাসীদের সাথে কথা বলেন এবং স্বল্প ডলারের অনুদান সংগ্রহ করেন



প্রার্থীরা পর্যাপ্ত স্বল্প ডলারের অনুদান সংগ্রহ করে যোগ্যতা অর্জন করতে পারেন



যোগ্যতা অর্জনকারী প্রার্থীরা আট ডলার পর্যন্ত পাবলিক ফান্ডের প্রতিটি ডলার সমন্বিত করতে পারবেন



প্রার্থীরা তাদের খরচ সীমিত রাখতে সম্মত থাকেন

# পাবলিক অ্যাডভোকেট

## জুমানে উইলিয়ামস
## Jumaane Williams



ডেমোক্র্যাটিক

### 3 টি প্রধান সমস্যা

1 NYC এর সাশ্রয়ী মূল্যের আবাসন সংকট মোকাবেলা
2 সরকারের স্বচ্ছতা এবং দায়বদ্ধতা বৃদ্ধি
3 NYC এর ফৌজদারী বিচারব্যবস্থা সংস্কার

**যে পার্টিতে নিবন্ধিত:** ডেমোক্র্যাটিক

**বর্তমান পেশা:** NYC কাউন্সিল সদস্য, 45th ডিসট্রিক্ট

**পূর্বের পেশা:** এক্সিকিউটিভ ডিরেক্টর, নিউইয়র্ক স্টেট ভাড়াটিয়া এবং প্রতিবেশী; হাউজিং ডিরেক্টর, ফ্লাটবুশ ডেভেলপমেন্ট কর্পোরেশন; অন্তর্বর্তী এক্সিকিউটিভ, ফ্লাটবুশ ইস্ট কমিউনিটি ডেভেলপমেন্ট কর্পোরেশন; সহকারী পরিচালক, গ্রেটার ফ্ল্যাটবুশ বীকন স্কুল

**শিক্ষা:** রাষ্ট্রবিজ্ঞান-এ স্নাতক ডিগ্রী, ব্রুকলিন কলেজ; আরবান পলিসি এবং অ্যাডমিনিস্ট্রেশন-এ মাস্টার্স ডিগ্রী, ব্রুকলিন কলেজ

**সাংগঠনিক অধিভুক্তি:** আর্নেস্ট স্কিনার পলিটিক্যাল অ্যাসোসিয়েশন; থমাস জেফারসন ডেমোক্র্যাটিক ক্লাব

**পূর্বের গণ অভিজ্ঞতা:** NYC কাউন্সিল সদস্য 45th ডিসট্রিক্ট; বোর্ড সদস্য, কমিউনিটি বোর্ড 18

"আমাদের সিটির এমন একজন পাবলিক অ্যাডভোকেট প্রয়োজন, যিনি কার্যকরীভাবে একজন সক্রিয় নির্বাচিত কর্মকর্তা হতে পারেন, যিনি রাজনীতির ঊর্ধ্বেউঠে কাজ করতে পারবেন এবং প্রাত্যহিক নিউইয়র্কবাসীর কন্ঠস্বর সরকারের সামনে তুলে ধরতে পারেন। কাউন্সিল সদস্য হিসাবে আমার সারা কর্মজীবনের সময়, এবং তার পূর্বে একটি কমিউনিটি সংগঠক হিসেবে, আমি সকলের জন্য ন্যায়বিচার ও ন্যায্যতার জন্য লড়াই করে জনসাধারণের জন্যে আইনজীবী হিসেবে সেবা করেছি। আমাদের শহরে অর্থপূর্ণ পরিবর্তন তৈরির জন্য অভ্যন্তরীণ কার্যক্রমের সাথে বাহ্যিক চাপের সমন্বয় করে ৫০টির বেশি বিল পাস করাতে পেরে আমি গর্বিত। NYC-এর পরবর্তী পাবলিক অ্যাডভোকেট হিসেবে, আমি আমাদের সিটিকে প্রকৃতরূপে প্রগতিশীল করে তুলতে সাহায্য করার জন্য সক্রিয়তা এবং আইন একত্র করে কাজচালিয়ে যাবো।"

jumaane4nyc@gmail.com
www.jumaanewilliams.com
NYCPAWilliams
JumaaneWilliams
Jumaane.williams

## জোসেফ বোরেলি
## Joseph Borelli



রিপাবলিকান, কনজারভেটিভ

### 3 টি প্রধান সমস্যা

1 de Blasio এজেন্ডা-কে প্রতিহত করা
2 de Blasio এজেন্ডা-কে প্রতিহত করা
3 de Blasio এজেন্ডা-কে প্রতিহত করা

**যে পার্টিতে নিবন্ধিত:** রিপাবলিকান

**বর্তমান পেশা:** NYC কাউন্সিলম্যান, ফায়ার অ্যান্ড ইমারজেন্সি ম্যানেজমেন্ট কমিটির সভাপতি। CUNY (সিইউএনওয়াই) প্রফেসর। কন্ট্রিবিউটর, দ্য হিল

**পূর্বের পেশা:** নিউইয়র্ক স্টেট এসেম্বলির সদস্য, চিফ অফ স্টাফ, নিউ ইয়র্ক সিটি কাউন্সিল, বারটেন্ডার

**শিক্ষা:** লিন্ডসে ফেলো, CUNY ইনস্টিটিউট অফ স্টেট অ্যান্ড লোকাল গভর্নমেন্ট, M.A. CUNY কলেজ অফ স্টাটেন আইল্যান্ড, B.A. মেরিস্ট কলেজ

**সাংগঠনিক অধিভুক্তি:** ন্যাশনাল ককাস অফ রিপাবলিকান মেয়র এবং সিটি কাউন্সিল মেম্বার, নাইটস অফ কলম্বাস, হোলি চাইল্ড রোমান ক্যাথলিক চার্চ

**পূর্বের গণ অভিজ্ঞতা:** নিউইয়র্ক স্টেট এসেম্বলির সদস্য, সিটির কমিটির রেংকিং সদস্য, NYC ভোটার এসিস্টেন্স এন্ড এডভাইসারী কমিশন

"ভেবে দেখুন, 8.5 মিলিয়ন জনতার এই শহরের প্রতিটি নিবন্ধিত ভোটারের কাছে এই পুস্তিকাটি পাঠাতে কতটা অর্থ অপচয় হয়েছে...

এটি কেবল একটি উদাহরণ যে সিটি হলের লোকেরা আপনার মতো করদাতাদেরকে কতটা মূল্য দেয়, যারা এর অর্থ প্রদান করছেন।

আপনার পরিবারের পক্ষে কে কথা বলে?"

info@josephborelli.com
JosephBorelli.com
JoeBorelliNYC
JoeBorelliNYC
joeborellinyc
in/joe-borelli-9088118

# পাবলিক অ্যাডভোকেট

## ডেভিন বালকিন্ড
## Devin Balkind

লিবার্টেরিয়ান



### 3 টি প্রধান সমস্যা

1 সামাজিক পরিষেবাগুলির সিটিব্যাপী ডিরেক্টরি
2 সিটি এজেন্সিগুলির ডিজিটাল রূপান্তর
3 প্রযুক্তি-সক্ষম MTA (এমটিএ) এবং NYCHA (এনওয়াইসিএইচএ) সংস্কার

**যে পার্টিতে নিবন্ধিত:** লিবার্টেরিয়ান

**বর্তমান পেশা:** প্রযুক্তিবিদ এবং অলাভজনক সংস্থার নির্বাহী

**পূর্বের পেশা:** উদ্যোক্তা, ডিজিটাল প্রযোজক, প্রযুক্তি প্রশিক্ষক, আর্থিক বিশ্লেষক, অটোমোবাইল মেকানিক

**শিক্ষা:** B.S, নর্থওয়েস্টার্ন ইউনিভার্সিটি; পার্মাকালচার ডিজাইন সার্টিফিকেট, সেন্টার ফর বায়োরিজিওনাল লিভিং

**সাংগঠনিক অন্তর্ভুক্তি:** ব্রুকলিন লিবার্টেরিয়ান পার্টি, সাহানা সফ্টওয়্যার ফাউন্ডেশন

**পূর্বের সরকারি কাজের অভিজ্ঞতা:** সিভিক টেকনোলজিস্ট যিনি NYC কমিউনিটি বোর্ড, অংশগ্রহণমূলক বাজেট প্রোগ্রাম, স্থানীয় দুর্যোগ ত্রাণ প্রচেষ্টা এবং আরও অনেক কিছুতে সহায়তা করেছেন।

"আমি আজীবন নিউ ইয়র্কের একজন বাসিন্দা, যে সরকার, অলাভজনক সংস্থা এবং স্টার্ট আপদের অর্থ সাশ্রয় করতে এবং মানুষের জীবন উন্নতিতে প্রযুক্তি ব্যবহার করে গত দশটি বছর অতিবাহিত করেছি।

পাবলিক অ্যাডভোকেট হিসাবে, আমি অফিসটিকে একটি নির্দলীয়, জনস্বার্থ প্রযুক্তি সংস্থায় পরিণত করব যা সফ্টওয়্যার তৈরি করবে এবং পরিষেবা সরবরাহ করবে যা সরকারকে দ্রুত, আরও ভাল এবং সস্তা করবে।

আমার প্রথম বছরে, আমি 5টি সমস্যা সমাধান করার প্রতিশ্রুতি দিচ্ছি যা 1) আমাদের সামাজিক সুরক্ষা জালকে শক্তিশালী করবে; 2) সিটি এজেন্সিগুলির ডিজিটাল রূপান্তর শুরু করবে; 3) নাগরিক নিয়োগকরণ প্রক্রিয়ার উন্নতি করবে; 4) মেট্রো-আঞ্চলিক সমন্বয় সহজতর করবে; এবং 5) এমন ওয়েবসাইট তৈরি করবে যা নিউ ইয়র্কবাসীদের তাদের সরকার কীভাবে কাজ করে এবং অর্থ ব্যয় করে তা আরও ভালভাবে বুঝতে সহায়তা করবে।

আসুন আমাদের সিটি-র সরকারকে এই নভেম্বরে উন্নত করে তুলি!"


devin@votedevin.com
www.votedevin.com
votedevin
devinbalkind
votedevin
devinbalkind



nyc votes

# এই বছর ভোট প্রদানে অঙ্গীকারাবদ্ধ হোন

**আমাদের গুরুত্বপূর্ণ বিষয়গুলোর উপর আমাদের ভোট প্রকৃত প্রভাব ফেলে।**


ভোট প্রদানের প্রতিশ্রুতি নিতে আপনার সহ-নিউ ইয়র্কবাসীদের সাথে যোগ দিন।

nycvotes.nyccfb.info/pledge2019

হ্যাঁ | হতে পারে | না

nyc votes

# আপনার নির্বাচিত কর্মকর্তাগণ কী করতে পারেন?





**চাকরি ও বেতন, শিক্ষা, আবাসন, অপরাধমূলক বিচার এবং এরকম আরো যেসব বিষয়** নিয়ে আপনি চিন্তা করে থাকেন, সেসব বিষয়ে আপনার নির্বাচিত কর্মকর্তা পরিবর্তন নিয়ে আসতে পারেন।

আপনার ভোটের প্রভাব সম্পর্কে আরো জানতে nyccfb.info/nyc-votes/elected-officials ভিজিট করুন।

# বিতর্ক কর্মসূচি

CFB মিডিয়া, শিক্ষাবিদ ও নাগরিক সংস্থাসমূহের সাথে সহযোগিতার ভিত্তিতে বিতর্ক কর্মসূচির আয়োজন করে যা নিউ ইয়র্কের অধিবাসীদেরকে পুরো সিটির প্রার্থীরা যখন সিটির সম্মুখে গুরুত্বপূর্ণ সমস্যা নিয়ে আলোচনা করেন তখন তাদেরকে পাশাপাশি রেখে তুলনা করার সুযোগ দেয়।

সমগ্র সিটি অফিসের যেসকল প্রার্থী ক্যাম্পেইন ফিন্যান্স প্রোগ্রামে অংশগ্রহণ করছেন যারা সবাই ব্যালটে রয়েছেন এবং যারা অর্থনৈতিক সূত্রপাতসহ পূর্বে নির্ধারিত নিরপেক্ষ মানদণ্ডসমূহ পূরণ করেছেন, তাঁদের বিতর্ক কর্মসূচিতে অংশগ্রহণ করা প্রয়োজন। একই নির্দলীয় মানদণ্ড পূরণ করা সাপেক্ষে যেসব প্রার্থীগণ ম্যাচিং ফান্ডস প্রোগ্রামে অংশগ্রহণ করবেন না, তাদেরকেও বিতর্কে যোগদানের জন্য আমন্ত্রণ করা হতে পারে।



### পাবলিক অ্যাডভোকেটের জন্য 1ম বিতর্ক

বৃহস্পতিবার, অক্টোবর 10,
সন্ধ্যা 7:00


### পাবলিক অ্যাডভোকেটের জন্য 2য় বিতর্ক

মঙ্গলবার, অক্টোবর 29,
সন্ধ্যা 7:00

উভয় বিতর্ক NY1 ওয়েবসাইট ও NY1 ফেসবুক পেজে সরাসরি এবং বিনামূল্যে লাইভ স্ট্রিম হবে। এছাড়াও বিতর্কগুলি নিউ ইয়র্ক সিটির মালিকানাধীন NYC লাইফ এ, দা ফ্ল্যাগশিপ স্টেশন এ সম্প্রচার করা হবে।

# ভিডিও ভোটার গাইড

**সিটির অফিসের জন্য প্রতিদ্বন্দী প্রার্থীদেরকে অনলাইন গাইডে একটি ভিডিও প্রতিবেদন অন্তর্ভুক্ত করার জন্য উৎসাহিত করা হচ্ছে। voting.nyc গিয়ে "ভোটার গাইডটি পড়ুন" –এ ক্লিক করে আপনি প্রত্যেক প্রার্থীর ভিডিও প্রতিবেদন অনলাইনে দেখতে পারেন।**



# NYC চার্টার সংস্করণের ব্যালটের প্রস্তাবনা

নিউ ইয়র্ক স্টেট আইন দ্বারা অনুমোদিত 2019 সালের চার্টার রিভিশন কমিশন (CRC), নিউ ইয়র্ক সিটি চার্টারের প্রস্তাবিত সংশোধনীর একটি খসড়া তৈরি করেছে। CRC এই বিষয়গুলি সম্পর্কে আরও তথ্য প্রদান করতে এবং নিউ ইয়র্কবাসীদের কাছ থেকে নেওয়া এই পদক্ষেপগুলির বিষয়ে মতামত সংগ্রহের জন্য পাঁচটি বরো জুড়ে জনসভা ও শুনানির আয়োজন করেছে। এই সভাগুলির ট্রান্সক্রিপ্টগুলির পাশাপাশি চূড়ান্ত রিপোর্ট charter2019.nyc এ পাওয়া যাবে।

এখন আমাদের সিটির পরিচালন কর্তৃপক্ষ কীভাবে চলা উচিত সে বিষয়ে সিদ্ধান্ত নেওয়ার দায়িত্ব আপনার। আপনি যাতে এই নভেম্বরে তথ্যভিত্তিক সিদ্ধান্ত গ্রহন করতে পারেন তার জন্য প্রশ্নগুলি পড়ুন।

প্রতিটি ব্যালট প্রস্তাবের জন্য নির্দেশিকাতে রয়েছে:

- প্রশ্নটির অফিশিয়াল টেক্সট যেমনটি আপনার ব্যালটে থাকবে।
- CRC দ্বারা সরবরাহ করা অফিশিয়াল সারমর্মের ভিত্তিতে CFB দ্বারা প্রস্তুত করা সরল ভাষায় সারাংশ।
- পাস হোক বা না হোক, প্রতিটি প্রস্তাবনা নিউ ইয়র্কবাসীকে কীভাবে প্রভাবিত করবে তার ব্যাখ্যা।

প্রতিটি প্রস্তাবের জন্য জনসাধারণের জমা দেওয়া সুবিধা এবং অসুবিধার বিবৃতিগুলি ও অফিশিয়াল সারাংশ পড়তে আমাদের ওয়েবসাইট voting.nyc – এ দেখুন।

## এক নজরে প্রস্তাবনা সমূহ

### প্রশ্ন #1: নির্বাচন

- পদমর্যাদা ভিত্তিক ভোটিং
- বিশেষ নির্বাচন সমূহের সময়সীমা
- পূনঃ ডিস্ট্রিক্ট করণের সময়

### প্রশ্ন #2: সিভিলিয়ান কমপ্লায়েন্ট রিভিউ বোর্ড

- বেসামরিক অভিযোগ পর্যালোচনা বোর্ডের (CCRB) গঠন কাঠামো
- CCRB-এর সংরক্ষিত বাজেট
- শৃংখলার প্রস্তাবনার বিচ্যুতি
- CCRB-এর বিষয় সমূহের মিথ্যা অফিশিয়াল বিবৃতি
- সমন জারির ক্ষমতা অর্পণ

### প্রশ্ন #3: নীতিশাস্ত্র এবং সরকার

- নির্বাচিত কর্মকর্তা ও সিনিয়র নিয়োগকৃত কর্মকর্তাদের জন্য চাকুরি পরবর্তী উপস্থিতিতে নিষেধাজ্ঞা
- কনফ্লিক্ট অফ ইন্টারেস্ট বোর্ড স্ট্রাকচার
- COIB -এর সদস্যদের রাজনৈতিক কার্যকলাপ

প্রশ্ন #3: নীতিশাস্ত্র এবং সরকার (ক্রমশ)

- সংখ্যালঘু এবং নারী-মালিকানাধীন ব্যবসায়ের এন্টারপ্রাইজ (M/WBE) সিটিওয়াইড ডাইরেক্টর এন্ড অফিস
- কর্পোরেশন কাউন্সিলের এপোয়েন্টমেন্ট

### প্রশ্ন #4: সিটি বাজেট

- রেভিনিউ স্ট্যাবিলাইজেশন ফান্ড (যা "রেইনী ডে" ফান্ড হিসেবেও পরিচিত
- পাবলিক এডভোকেট এবং বরো প্রেসিডেন্টদের জন্য সংরক্ষিত বাজেট
- রাজস্ব অনুমান
- বাজেট সংশোধনের সময়

### প্রশ্ন #5: ভূমি ব্যবহার

- ULURP প্রি-সার্টিফিকেশন নোটিশের সময়
- কমিউনিটি বোর্ডের জন্য ULURP অতিরিক্ত পর্যালোচনার সময়

# প্রশ্ন #1: নির্বাচন

## আপনি ব্যালটে যা দেখবেন

*প্রশ্ন #1 নির্বাচন*

*এই প্রস্তাবটি সিটি চার্টারকে সংশোধন করবে:*

*জানুয়ারি 2021 সালের জন্য প্রাথমিক ও বিশেষ নির্বাচনে মেয়র পদে, পাবলিক এডভোকেট, কম্পট্রোলার, বরো প্রেসিডেন্ট এবং সিটি কাউন্সিল এই পাঁচটি পদের জন্য ভোটারদেরকে প্রার্থী বেছে নেওয়ার সুযোগ দিন। তারপরও ভোটারগণ যদি শুধুমাত্র একজন প্রার্থী নির্বাচন করতে চায় তাহলে তারা সেটি করতে পারে। কোন প্রার্থী যদি সর্বোচ্চ ভোট পেয়ে প্রথম স্থানে অবস্থান করে তাহলে সে জয়ী হবে। কেউ যদি সর্বোচ্চ ভোট না পেয়ে থাকে তাহলে সর্ব নিম্নস্থানে অবস্থানকারী প্রার্থী বাদ পড়বে এবং কোনো ভোটারের যদি কোনো প্রার্থী সর্বোচ্চ পছন্দের তালিকায় থাকে তাহলে তাঁদের ভোট পরবর্তী পছন্দনীয় প্রার্থীকে হস্তান্তর করা হবে। শুধুমাত্র দুইজন প্রার্থী অবশিষ্ট থাকার পূর্ব পর্যন্ত এ প্রক্রিয়া পুনরাবৃত্তি হবে এবং এর মধ্যে সর্বোচ্চ ভোট প্রাপ্ত প্রার্থী বিজয়ী হবে। যদি কোন প্রার্থী এককভাবে প্রাথমিক নির্বাচনে মেয়র, পাবলিক এডভোকেট ও কম্পট্রোলার পদ হতে পিছু হটে যায় তাহলে এই প্রস্তাবনা বাতিল হতে পারে।*

*নির্বাচিত সিটি অফিসে কোন পদ ফাঁকা হওয়ার ফলে সময় বৃদ্ধি করা হয় এবং অবশ্যই ঐ ফাঁকা পদ পূর্ন করার জন্য একটি বিশেষ নির্বাচন অনুষ্ঠিত হয়। সাধারণত কোন পদ ফাঁকা হবার 80 দিনের মধ্যে বিশেষ নির্বাচন অনুষ্ঠিত হয়, তবে এই সময়সীমা পাবলিক এডভোকেট, কম্পট্রোলার, বরো প্রেসিডেন্ট এবং কাউন্সিল মেম্বার পদের জন্য 45 দিন বা (মেয়র পদের জন্য) 60 দিনের দিন এবং*

*সিটি কাউন্সিলের ডিসট্রিক্ট সীমানা অংকনে টাইমলাইনের প্রক্রিয়াটি সমন্বয় করুন যাতে এই সিটি কাউন্সিলের প্রার্থীগন পরবর্তী প্রাথমিক নির্বাচনের জন্য ব্যালটে পিটিশন স্বাক্ষর গ্রহণের আবেদন করার পূর্বেই দ্রুত সম্পন্ন হয়ে যায়। এই প্রক্রিয়া প্রতি দশ বছরে একবার সংগঠিত হয়।*

*এই প্রস্তাব কি গৃহীত হবে?*

# ব্যালট প্রশ্ন #1 এর সারাংশ ও ব্যাখ্যা

## পদমর্যাদা ভিত্তিক ভোটিং

### CFB সংক্ষেপ:

বেশিরভাগ নিউ ইয়র্ক সিটি নির্বাচনে সবচেয়ে বেশি ভোট প্রাপ্ত প্রার্থীই বিজয়ী হন। এমনকি নির্বাচনে অনেক প্রার্থীরা যেখানে অংশগ্রহণ করেন সেক্ষেত্রে এটা সত্য যে বিজয়ী প্রার্থী মোট ভোটের সামান্য একটি অংশ পেতে পারে। এর অর্থ হলো বেশিরভাগ ভোটারই বিজয়ী প্রার্থী ছাড়াও অন্য কারোকে ভোট দিয়েছেন। মেয়র, পাবলিক অ্যাডভোকেট বা কম্পট্রোলারের জন্য প্রাথমিক নির্বাচনে যদি কোনো প্রার্থী ভোটের কমপক্ষে 40 শতাংশ ভোট না পেয়ে থাকেন তাহলে রানঅফ নামক একটি অতিরিক্ত নির্বাচন সেরা দুজন প্রার্থীর মধ্যে অনুষ্ঠিত হয়ে থাকে। রানঅফ নির্বাচন সচরাচর হয় না তবে পরিচালনা করা ব্যয়বহুল এবং ভোটারদের উপস্থিতি সাধারণত খুব কম থাকে।

### যদি ব্যালট প্রশ্ন #1 পাস করে:

ভোটাররা তাদের পছন্দ অনুসারে প্রতিটি অফিসের জন্য পাঁচজন প্রার্থীকে রেঙ্ক আপ করবেন। বিজয়ী নির্ধারণ করতে ভোটগুলি দফায় দফায় গণনা করা হয়। যদি একজন প্রার্থী ভোটের প্রথম পছন্দের সংখ্যাগরিষ্ঠ (50% এর বেশি) ভোট পেয়ে থাকেন তাহলে তিনিই বিজয়ী। যদি কোনো প্রার্থীই প্রথম পছন্দের সংখ্যাগরিষ্ঠ ভোট না পান তাহলে প্রথম পছন্দের কিছু স্বল্প সংখ্যক ভোটপ্রাপ্ত প্রার্থীকে বাদ দেওয়া হবে এবং যে ভোটারগণ প্রার্থীকে প্রথমে র রেঙ্ক করেছিল তাদের ভোটগুলি দ্বিতীয়-পছন্দের প্রার্থীর কাছে স্থানান্তর করা হবে এবং ভোটগুলি পুনরায় গণনা করা হবে। এই প্রক্রিয়াটি মাত্র দুইজন প্রার্থী না থাকা পর্যন্ত এবং নির্বাচনে সবচেয়ে বেশি ভোট প্রাপ্ত প্রার্থী বিজয়ী না হওয়া পর্যন্ত অব্যাহত থাকবে। যখন কোনো প্রার্থী সবচেয়ে বেশি প্রথম পছন্দের ভোট পেয়েও জয়ী না হয় তখন বেশিরভাগ ভোটার বিজয়ীর পক্ষে ভোট দেবেন। 2021 সাল থেকে শুরু হওয়া মেয়র, পাবলিক অ্যাডভোকেট, কম্পট্রোলার, বরো প্রেসিডেন্ট ও সিটি কাউন্সিল সদস্যের সকল প্রাথমিক ও বিশেষ নির্বাচনের জন্য রেঙ্ককৃত পছন্দের ভোটদান পদ্ধতি ব্যবহার করা হবে। পৃথক রানঅফ নির্বাচন বাতিল করা হবে।

## বিশেষ নির্বাচন সমূহের সময়সীমা

### CFB সংক্ষেপ:

যদি মেয়র, পাবলিক অ্যাডভোকেট, কম্পট্রোলার, বরো প্রেসিডেন্ট ও সিটি কাউন্সিল সদস্য তাদের মেয়াদ শেষের পূর্বেই পদত্যাগ করেন তাহলে পরবর্তী নিয়মিত নির্ধারিত নির্বাচন না হওয়া পর্যন্ত আসনটি পূরণের জন্য একটি নিরপেক্ষ বিশেষ নির্বাচন অনুষ্ঠিত হয়। বর্তমানে, বেশিরভাগ বিশেষ নির্বাচন অবশ্যই পদ শূন্য হওয়ার 45 দিনের মধ্যেই অনুষ্ঠিত হতে হবে; মেয়র শূন্য পদের জন্য প্রায় 60 দিন পরে একটি বিশেষ নির্বাচন অনুষ্ঠিত হয়। স্টেট আইনে বোর্ড অব ইলেকশনকে নির্বাচনের 45 দিন আগে সৈনিক ভোটারদের কাছে ব্যালট প্রেরণ করতে হবে, যার অর্থ হলো ব্যালট সেট হওয়ার পূর্বেই একটি বিশেষ নির্বাচনে সৈনিকদের জন্য অবশ্যই ব্যালট মেইল করতে হবে। তাছাড়া সম্ভাব্য প্রার্থীরা ব্যালটে উঠতে বা প্রচার চালানোর জন্য পিটিশন করতে খুব কম সময় পায়।

### যদি ব্যালট প্রশ্ন #1 পাস করে:

একটি পদ শুন্য হওয়ার পরে একটি বিশেষ নির্বাচন অনুষ্ঠিত হওয়ার পূর্বে সাধারণত 80 দিন সময় থাকে। যথাসময়ে একটি যথাযথ ব্যালট সৈনিক ভোটারদের কাছে পাঠাতে হবে এবং সম্ভাব্য প্রার্থীরা ব্যালটে উঠতে এবং তাদের প্রচারগুলি সম্পর্কে ভোটারদের কাছে পৌঁছতে আরও বেশি সময় পাবে।

# ব্যালট প্রশ্ন #1 এর সারাংশ ও ব্যাখ্যা (ক্রমশ)

## পূনঃ ডিস্ট্রিক্ট করণের সময়

### CFB সংক্ষেপ:

2020 সালে মার্কিন যুক্তরাষ্ট্রে জনগণনার জন্য একটি ফেডারেল শুমারি হবে। প্রতিটি শুমারির পরে জনসংখ্যার পরিবর্তনের হিসেব রাখতে, ডিস্ট্রিক্টের সমতা বজায় রাখতে এবং সংখ্যালঘু সম্প্রদায়ের ন্যায্যতা নিশ্চিত করতে সিটি কাউন্সিল ডিস্ট্রিক্টের সীমানা পুনর্নির্ধারণ করা হয়েছে। মেয়র ও সিটি কাউন্সিলের মাধ্যমে নিযুক্ত একটি ডিসট্রিক্ট কমিশন জনশুনানীর আয়োজন করে এবং সিটি কাউন্সিলের কাছে প্রস্তাবিত ডিস্ট্রিক্ট মানচিত্র জমা দেয়। কাউন্সিল আপত্তি জানালে কমিশন একটি সংশোধিত পরিকল্পনা প্রস্তুত করে এবং জনসাধারণ ও সিটি কাউন্সিলের কাছ থেকে অতিরিক্ত মতামত চায়। নভেম্বর মাসের সাধারণ নির্বাচনের আট মাস পূর্বে 2023 সালের মার্চ মাসে পরবর্তী ডিস্ট্রিক্টের পুনসীমা নির্ধারণ প্রক্রিয়াটি শেষ করতে হবে। পুরাতন নির্বাচন ক্যালেন্ডারের অধীনে প্রাথমিক নির্বাচন সেপ্টেম্বর মাসে অনুষ্ঠিত হওয়ার দরুন এটি কাউন্সিল প্রার্থীদেরকে প্রাথমিক নির্বাচনে অংশগ্রহণ করে পিটিশনে স্বাক্ষর সংগ্রহের জন্য পর্যাপ্ত সময় প্রদান করেছে। এই সময়সীমা আর কার্যকরী নয়, যাইহোক এই বছরের শুরুর দিকে স্থানীয় ও স্টেটের প্রাইমারি নির্বাচনগুলি সেপ্টেম্বরের চেয়ে বরং জুন মাসেই অনুষ্ঠিত হচ্ছে।

### যদি ব্যালট প্রশ্ন #1 পাস করে:

নতুন সিটি কাউন্সিল ডিসট্রিক্টের সীমানারেখাগুলি নির্ধারনের সময়সীমা তিন মাস এগিয়ে এনে 2022 সালের ডিসেম্বরে করা, যা সাধারণ নির্বাচনের এগার মাস পূর্বে হবে, যাতে প্রার্থীদের এবং ভোটারদের জুনের প্রাথমিক নির্বাচনের প্রস্তুতির জন্য পর্যাপ্ত সময় দেওয়া যায়।

# প্রশ্ন #2:
# সিভিলিয়ান কমপ্লায়েন্ট রিভিউ বোর্ড

## আপনি ব্যালটে যা দেখবেন

*প্রশ্ন #2 সিভিলিয়ান কমপ্লায়েন্ট রিভিউ বোর্ড*

*এই প্রস্তাবটি সিটি চার্টারকে সংশোধন করবে:*

*সিভিলিয়ান কমপ্লায়েন্ট রিভিউ বোর্ড (CCRB) এর সদস্য সংখ্যা 13 থেকে 15-তে উন্নীত করতে হলে পাবলিক এডভোকেটের মাধ্যমে নিয়োগ প্রদান করতে হবে অন্য একজন সদস্য যৌথভাবে মেয়র এবং কাউন্সিলের স্পিকার যারা সভাপতি হিসাবে দায়িত্ব পালন করছে তাদের কর্তৃক নিয়োগ প্রাপ্ত হবে এবং উল্লেখ করা হয় যে মেয়রের বিবেচনা প্রসূত পদবী এবং নিয়োগ থাকা সত্ত্বেও কাউন্সিল সরাসরি CCRB সদস্যদের নিয়োগ প্রদান করতে পারবে;*

*উল্লেখ্য যে CCRB এর কর্মীদের পর্যাপ্ত বেশি তহবিল জনপ্রতি বাৎসরিক বাজেট পুলিশ ডিপার্টমেন্টের জনপ্রতি বাৎসরিক বাজেটের প্রায় 0.65% সমান, মেয়রের লিখিত অনুমোদন না পাওয়া পর্যন্ত অর্থনৈতিক প্রয়োজনীয়তা বাজেটে তুলনামূলকভাবে কম থাকবে;*

*উল্লেখ্য যে এ ক্ষেত্রে পুলিশ কমিশনার ব্যাখ্যাসহ লিখিতভাবে CCRB-কে প্রদান করবেন এবং যখন পুলিশ কমিশনার স্বেচ্ছাকৃতভাবে চাকুরী ছেড়ে চলে যাবার ইচ্ছা পোষণ করবেন বা CCRB বা পুলিশ ডিপার্টমেন্টের ডেপুটি (বা সহকারী ডেপুটি) কমিশনার আদালতের মাধ্যমে ডিসিপ্লিনের সুপারিশ ক্রমে পদচ্যুত করবেন;*

*কোন বাস্তব বিবৃতির সত্যতা যাচাই করার জন্য CCRB অনুমতি দিন যা CCRB এর তদন্ত বা রেজল্যুশনের মধ্যে গঠিত হয়েছে যা একজন পুলিশ অফিসার অভিযোগ করেছে যিনি এই অভিযোগের অধীন এবং যেখানে প্রয়োজন পুলিশ অফিসারদের বিরুদ্ধে শৃঙ্খলা সুপারিশ করুন।*

*অধিকাংশের ভোটে CCRB সদস্যরা প্রতিনিধি হিসেবে বোর্ডের ক্ষমতা প্রয়োগ করতে পারে এবং আইন প্রয়োগ এবং বলবৎ করতে পারে, সাক্ষীদের হাজির করতে পারে এবং CCRB এর প্রধান নির্বাহী পরিচালকের নিকট অনুসন্ধানের নথিপত্র জমা দিতে পারে।*

*এই প্রস্তাব কি গৃহীত হবে?*

# ব্যালট প্রশ্ন #2 এর সারাংশ ও ব্যাখ্যা

## বেসামরিক অভিযোগ পর্যালোচনা বোর্ডের (CCRB) গঠন কাঠামো

### CFB সংক্ষেপ:

দ্য সিভিলিয়ান কমপ্লেইন্ট রিভিউ বোর্ড (CCRB) এবং এর কর্মচারীগণ নিউ সিটি পুলিশ অফিসারদের (যেমন- ক্ষমতার অপব্যবহার, কর্তৃপক্ষের অপব্যবহার, অমানবিক আচরণ বা আপত্তিকর ভাষা ব্যবহার) এর বিরুদ্ধে আনা পাবলিক অভিযোগগুলি নিরপেক্ষ ও স্বাধীনভাবে খতিয়ে দেখার জন্য দায়িত্বপ্রাপ্ত। যখন CCRB কোনো অসদাচরণ খুঁজে পায় তখন এটি পুলিশ কমিশনারকে সুপারিশ করা যেতে পারে যে একজন অফিসারকে শৃংখলাবদ্ধ করা হোক। মেয়রের মাধ্যমে নিয়োগপ্রাপ্ত পুলিশ কমিশনার তারপর CCRB এর সুপারিশ গ্রহণ অথবা প্রত্যাখান করতে পারেন। যদিও সিটি কাউন্সিল পাঁচজনকে (প্রত্যেক বরো থেকে একজন) মনোনীত করেন এবং পুলিশ কমিশনার তিনজনকে মনোনীত করেন তারপরও মেয়র চেয়ারপারসনসহ CCRB এর 13 জন সদস্যের সবারই অ্যাপয়েন্টমেন্ট নিয়ন্ত্রণ করে থাকেন। যখন সেখানে শুন্যপদ থাকে তখন কীভাবে শুন্যপদ পূরণ করা হবে সেটির সমাধান চার্টার করে না।

### যদি ব্যালট প্রশ্ন #2 পাস করে:

CCRB এর 15 জন বোর্ড সদস্য থাকবে। সিটি কাউন্সিলের মাধ্যমে সরাসরি পাঁচজন, মেয়রের মাধ্যমে আট জন (পুলিশ কমিশনারের মাধ্যমে তিনজনসহ) নিয়োগপ্রাপ্ত হবেন। একজন নতুন সদস্য সরাসরি পাবলিক অ্যাডভোকেটের মাধ্যমে এবং আরেকজন নতুন সদস্য যৌথভাবে মেয়র ও সিটি কাউন্সিলের স্পিকারের মাধ্যমে নিয়োগপ্রাপ্ত হবেন এবং চেয়ারপারসন হিসেবে সেবা প্রদান করবেন। যদি চেয়ারপারসনের পদটি শুন্য হয়ে যায় তাহলে বর্তমান সদস্যদের মধ্য থেকে মেয়রের মাধ্যম কোনোএকজন খন্ডকালীন চেয়ারপারসন হিসেবে নিয়োগপ্রাপ্ত হবেন। অধিকন্তু CCRB এর যেকোনো পদ 60 দিনের মধ্যে অবশ্যই পূরণ করতে হবে।

## CCRB-এর সংরক্ষিত বাজেট

### CFB সংক্ষেপ:

মেয়র ও সিটি কাউন্সিল CCRB এর বরাদ্দ নির্ধারণ ও অনুমোদন করেন, যেটি বছরের পর বছর পরিবর্তিত হতে পারে।

### যদি ব্যালট প্রশ্ন #2 পাস করে:

প্রতি বছর পরিবর্তনগুলি থেকে CCRB এর বাজেটকে সুরক্ষিত রাখতে CCRB এর কর্মীদের বাজেট কর্মীদের অর্থায়নের ক্ষেত্রে যথেষ্ট হবে যা ইউনিফর্মযুক্ত নিউ ইয়র্ক পুলিশ বিভাগ (NYPD) কর্মকর্তাদের সংখ্যার কমপক্ষে 0.65% এর সমান। যদি সিটির বাজেট কমানোর জন্য সামগ্রিক পরিকল্পনার অংশ হিসেবে বাজেট কর্তন প্রয়োজনীয় হয়ে থাকে তাহলে মেয়র একটি লিখিত নথি প্রদর্শন করলেই বাজেট কমানো যেতে পারে।

## শৃংখলার প্রস্তাবনার বিচ্যুতি

### CFB সংক্ষেপ:

পুলিশের অসদাচরণ খুঁজে পাওয়ার পরে পুলিশ কমিশনারের কাছে একজন অফিসারকে শাস্তি প্রদান হোক মর্মে CCRB সুপারিশ করতে পারে। শাস্তিমূলক সুপারিশগুলিতে সুনির্দিষ্ট নির্দেশিকা, আনুষ্ঠানিক প্রশিক্ষণ, ছুটির দিনগুলি হ্রাস বা NYPD অফিসারদের দ্বারা পরিচালিত একটি আনুষ্ঠানিক বিচার অন্তর্ভুক্ত থাকতে পারে যা স্থগিত বা বরখাস্তও হতে পারে। কমিশনার এর সুপারিশসমূহ NYPD বিচার থেকে গ্রহণ বা প্রত্যাখান করতে পারেন। CCRB যদি কোনো কর্মকর্তাকে শাস্তির পরামর্শ দেয়, পুলিশ কমিশনারকে অবশ্যই CCRB-কে জানাতে হবে যে কী ব্যবস্থা নেওয়া হবে, তবে সব ক্ষেত্রেই তার বিশদ ব্যাখ্যা দিতে হবে না।

### যদি ব্যালট প্রশ্ন #2 পাস করে:

পুলিশ কমিশনারকে CCRB এর সুপারিশের পরিপ্রেক্ষিতে কোনো শাস্তিমূলক ব্যবস্থা বা জরিমানাসহ যেকোনো ধরনের পদক্ষেপ গ্রহণের বিষয়ে CCRB-কে জানাতে হবে। যখন CCRB বা NYPD এর বিচারের কোনো সুপারিশ অনুসরণ করা হবে না তখন তার কারণ অবশ্যই কমিশনার বিস্তারিত লিখিতভাবে জানাবেন। শাস্তির মাত্রা কমানো হলে সেটির ব্যাখ্যা অবশ্যই 45 দিনের মধ্যে প্রদান করতে হবে এবং কী পদ্ধতিতে সিদ্ধান্ত গৃহীত হয়েছিল এবং কী কী কারণ বিবেচনা করা হয়েছিল তার একটি বিবরণ অন্তর্ভুক্ত করতে হবে।

## CCRB–এর বিষয় সমূহের মিথ্যা অফিশিয়াল বিবৃতি

### CFB সংক্ষেপ:

CCRB তদন্তের সময় যদি বিশ্বাস করার মতো কারণ থাকে যে পুলিশ অফিসার মিথ্যা বিবৃতি প্রদান করেছে তাহলে মিথ্যা বিবৃতির জন্য তদন্ত বা শাস্তিমূলক পদক্ষেপের সুপারিশ করার ক্ষমতা CCRB এর নেই এবং কেবলমাত্র অধিকতর তদন্তের জন্য অভিযোগটি পুলিশ ডিপার্টমেন্টের কাছে রেফার করতে পারে।

### যদি ব্যালট প্রশ্ন #2 পাস করে:

কোনো পুলিশ কর্মকর্তার CCRB তদন্তের সময় কর্মকর্তা তদন্তের সাথে সম্পর্কিত কোনো বৈধ অফিসিয়াল বিবৃতি প্রদান করে যা মিথ্যা এবং শাস্তিমূলক সুপারিশ হতে পারে, তখনই CCRB তদন্ত করতে সক্ষম হবে।

## সমন জারির ক্ষমতা অর্পণ

### CFB সংক্ষেপ:

যখন CCRB অসদাচরণের তদন্ত করছে, তখন এর সাক্ষীর সাক্ষ্য ও রেকর্ড, যেমন- নথি, ছবি এবং ভিডিও রেকর্ডিংসহ মামলার প্রমাণাদি পর্যালোচনা করা দরকার। বোর্ড মাসে একবারের সভায় সাক্ষীর জন্য আইনী প্রয়োগযোগ্য লিখিত অনুরোধ (একটি প্রক্রিয়া) ইস্যু করতে ভোট দিতে পারে।

### যদি ব্যালট প্রশ্ন #2 পাস করে:

CCRB এটির এক্সিকিউটিভ ডিরেক্টরকে প্রক্রিয়া জারি করার অনুমতি দিতে সক্ষম হবে যাতে করে কর্মীরা সময়মতো সাক্ষীর আবেদন এবং আদালতে এই প্রক্রিয়াগুলি প্রয়োগ করতে পারে।

# প্রশ্ন #3:
# নীতিশাস্ত্র এবং সরকার

## ব্যালট প্রশ্ন #3 এর সারাংশ ও ব্যাখ্যা

*প্রশ্ন #3 নীতিশাস্ত্র এবং সরকার*

*এই প্রস্তাবটি সিটি চার্টারকে সংশোধন করবে:*

*সিটির নির্বাচিত কর্মকর্তা এবং নিয়োগকৃত জেষ্ঠ্য কর্মকর্তা এজেন্সির সামনে হাজির হয়ে (বা কোন কোন ক্ষেত্রে, সরকারী বিভিন্ন শাখা) যেতে নিষেধাজ্ঞা অর্পণ করে, এ সকল প্রতিষ্ঠান সমূহ তারা সিটি সার্ভিস ত্যাগ করার পরও চলতি বছর ছাড়াও পরবর্তী দুই বছর পর্যন্ত সেবা প্রদান করেছিল। যে সকল কর্মকর্তা 1 জানুয়ারি 2022 এর পর নির্বাচিত কার্যালয় বা সিটি ইমপ্লোয়মেন্ট ছেড়ে চলে যেতে পারে এই পরিবর্তন তাদের জন্য প্রযোজ্য।*

*সম্প্রতি মেয়র এবং কম্পট্রোলার কর্তৃক নিয়োগকৃত একজন এবং পাবলিক এডভোকেট কর্তৃক নিয়োগকৃত অপর একজনসহ মোট দুইজন নিয়োগের মাধ্যমে কনফ্লিক্টস অব ইন্টারেস্ট বোর্ড (COIB) এর সদস্য সংখ্যার পরিবর্তন আনা যায়;*

*COIB সদস্যদেরকে এলাকার নির্বাচন অফিসে কোন ক্যাম্পেইনে অংশগ্রহণের উপর নিষেধাজ্ঞা জারি করা হয়েছে এবং সদস্যরা সিটিতে ব্যবসা করে যে অর্থ উপার্জন করে ($400 বা তার কম, এটা নির্ভর করে অফিসের উপর) নির্বাচন প্রক্রিয়ায় অংশগ্রহণকারী সদস্যরা যে অর্থ অনুদান হিসেবে প্রদান করে তার পরিমাণ যেন ঐ পরিমাণের চাইতে নূন্যতম হয়;*

*জেনে রাখা দরকার যে সিটিভিত্তিক সংখ্যালঘু পরিচালক এবং মহিলাদের পরিচালিত নিজস্ব ব্যবসা প্রতিষ্ঠান (M/WBE) গুলো সরাসরি মেয়রের নিকট প্রতিবেদন পেশ করবে তবে এ ধরনের প্রতিষ্ঠানগুলোকে এবং মেয়রের অফিস M/WBE কর্তৃক সমর্থনপুষ্ট হতে হবে এবং*

*সিটির কর্পোরেশন কাউন্সিল ও বর্তমানে মেয়র কর্তৃক নিয়োগপ্রাপ্ত হতে হবে এবং সিটি কাউন্সিল কর্তৃক অনুমোদিত হতে হবে।*

*এই প্রস্তাব কি গৃহীত হবে?*

# নির্বাচিত কর্মকর্তা ও সিনিয়র নিয়োগকৃত কর্মকর্তাদের জন্য চাকুরি পরবর্তী উপস্থিতিতে নিষেধাজ্ঞা

### CFB সংক্ষেপ:

বেসরকারি খাতে চাকরি করতে যেসকল প্রাক্তন সিটি কর্মচারী এবং নির্বাচিত কর্মকর্তাগণ তাদের চাকরি ছেড়ে দিয়েছে তাদেরকে সাধারণত তাদের নতুন নিয়োগকারীদের পক্ষে তাদের পূর্ববর্তী সিটি এজেন্সি বা কিছু ক্ষেত্রে সিটি সরকারের শাখার সাথে যোগাযোগ করার অনুমতি দেওয়া হয় না যা তাদেরকে নিয়োগ দিয়েছিল। এই নিষেধাজ্ঞাটি তাদের শহরের কর্মসংস্থান শেষ হওয়ার পরে এক বছর স্থায়ী হয়।

### যদি ব্যালট প্রশ্ন #3 পাস করে:

চাকরি পরবর্তী এই নিষেধাজ্ঞা পরিস্থিতিটি ডেপুটি মেয়র, কোনো এজেন্সির প্রধান, যেকোনো সিটি বোর্ড বা কমিশনের বেতনভুক্ত সদস্য, এক্সিকিউটিভ ডিরেক্টর বা উচ্চপদস্থ বোর্ড বা কমিশনের কর্মচারীসহ নির্বাচিত কর্মচারী ও উচ্চপদস্থ নিয়োগপ্রাপ্ত কর্মকর্তার ক্ষেত্রে দুই বছর পর্যন্ত বৃদ্ধি হয়ে থাকে। এই নতুন দুই বছরের নিষেধাজ্ঞাটি বেশিরভাগ বর্তমান নির্বাচিত কর্মকর্তাদের জন্য প্রযোজ্য হবে না যাদের মেয়াদ 1 জানুয়ারি 2022 সালের কার্যকর তারিখের আগে শেষ হয়।

# কনফ্লিক্ট অফ ইন্টারেস্ট বোর্ড স্ট্রাকচার

### CFB সংক্ষেপ:

নিউ ইয়র্ক সিটি কনফ্লিক্টস অব ইন্টারেস্ট বোর্ড (COIB) সিটি কর্মচারীদেরকে বাইরের কর্মসংস্থান, স্বেচ্ছাসেবক, উপহার, রাজনৈতিক ক্রিয়াকলাপ, ক্ষমতার অপব্যবহার এবং নিয়োগ-পরবর্তী নিষেধাজ্ঞাসমূহ সম্পর্কিত নিয়মগুলিসহ অবশ্যই নৈতিকতা আইন এবং নিয়মগুলি মেনে চলতে হবে। COIB এর পাঁচজন বোর্ড সদস্য রয়েছে, যাদের সবাই মেয়রের মাধ্যমে নিয়োগপ্রাপ্ত এবং সিটি কাউন্সিল কর্তৃক অনুমোদিত। বর্তমানে পাঁচ সদস্যের মধ্যে মাত্র দুইজন সদস্যের অনুমতির মাধ্যমে COIB এর সিদ্ধান্ত গ্রহণ করা যেতে পারে।

### যদি ব্যালট প্রশ্ন #3 পাস করে:

মেয়র COIB এর পাঁচজন সদস্যের মাত্র তিনজনকে নিয়োগ প্রদান করবেন। একজন সদস্য পাবলিক অ্যাডভোকেটের মাধ্যমে এবং একজন কম্পট্রোলারের মাধ্যমে নিয়োগপ্রাপ্ত হবেন। সকল প্রকার নিয়োগে সিটি কাউন্সিলের অনুমোদন প্রয়োজন। অধিকন্তু, COIB এর মাধ্যমে গৃহীত সিদ্ধান্ত পাঁচ সদস্যের মধ্যে দুইজনের পরিবর্তে কমপক্ষে তিনজন সদস্যের মাধ্যমে অনুমোদিত হতে হবে।

# COIB -এর সদস্যদের রাজনৈতিক কার্যকলাপ

### CFB সংক্ষেপ:

COIB সদস্যদের পাবলিক অফিসের জন্য রাখা বা চালানো, সরকারি কর্মচারী হিসেবে কাজ করা, রাজনৈতিক দলীয় কার্যালয় রাখা বা সিটিতে লবিস্ট হিসেবে উপস্থিত হওয়ার অনুমোদন নেই। যাইহোক, তারা প্রার্থীদের এবং স্বেচ্ছাসেবীদের প্রতি অবদান রাখতে বা রাজনৈতিক প্রচারের কাজ করতে পারে।

### যদি ব্যালট প্রশ্ন #3 পাস করে:

COIB সদস্যদের মাধ্যমে রাজনৈতিক কর্মকাণ্ডের উপর নিষেধাজ্ঞাগুলি বাড়ানো হবে; সদস্যদের আর মেয়র, পাবলিক অ্যাডভোকেট, কম্পট্রোলার, বরো প্রেসিডেন্ট বা সিটি কাউন্সিল সদস্যের সিটি অফিসগুলির জন্য কোনো রাজনৈতিক প্রচারের কাজে বা স্বেচ্ছাসেবকের অনুমতি প্রদান করা হবে না। অধিকন্তু, বোর্ডের সদস্যরা যারা সেই অফিসের প্রচার কাজে অবদান রাখতে চান তাদের আর্থিক পরিমাণ স্বল্প পরিমাণে সীমাবদ্ধ করা হবে এবং যারা সিটির সাথে ব্যবসা করেন তাদের জন্য (মেয়র, পাবলিক অ্যাডভোকেট এবং কম্পট্রোলারের জন্য $400; বরো প্রেসিডেন্টের জন্য $320 এবং 250 ডলার সিটি কাউন্সিলের জন্য) পর্যন্ত অনুমোদিত।

## সংখ্যালঘু এবং নারী-মালিকানাধীন ব্যবসায়ের এন্টারপ্রাইজ (M/WBE) সিটিওয়াইড ডাইরেক্টর এন্ড অফিস

### CFB সংক্ষেপ:

নিউ ইয়র্ক সিটির সংখ্যালঘু এবং নারী মালিকানাধীন বিজনেস এন্টারপ্রাইজ (M/WBE) প্রোগ্রামটি সংখ্যালঘু এবং নারী মালিকানাধীন ব্যবসার জন্য সিটি চুক্তির সুযোগ সুবিধাগুলিতে উন্নীত করে। সিটিওয়াইড M/WBE ডিরেক্টর মেয়র অথবা কমিশনার যিনি মেয়রকে রিপোর্ট প্রদান করে থাকেন এদের যে কাউকে রিপোর্ট করতে পারেন। সাম্প্রতিক বছরগুলিতে এই অবস্থা মেয়রের কাছে সরাসরি জানানো হয়েছে এবং M/WBE এর মেয়র অফিসের মাধ্যমে সহায়তা পেয়েছেন কিন্তু আগামীর প্রশাসন এই চর্চা থেকে বেরিয়ে আসতে পারে।

### যদি ব্যালট প্রশ্ন #3 পাস করে:

চার্টারের যেটি প্রয়োজন হবে সেটি হলো M/WBE ডিরেক্টর মেয়রের কাছে রিপোর্ট পাঠাবে এবং M/WBE এর মেয়রাল অফিসের মাধ্যমে সহায়তা পাবেন।

## কর্পোরেশন কাউন্সিলের এপোয়েন্টমেন্ট

### CFB সংক্ষেপ:

দ্য নিউ ইয়র্ক সিটি ল ডিপার্টমেন্ট—900 এরও বেশি আইনজীবীদের সমন্বয়ে গঠিত একটি সিটি এজেন্সি যা সিটি, এর নিয়মকানুন, কর্মচারী এবং এজেন্সিকে সহায়তা ও সুরক্ষা প্রদান করে এবং কর্পোরেশন কাউন্সেল নামক একজন অ্যাটর্নির মাধ্যমে পরিচালিত হয়। মেয়র কর্পোরেশন কাউন্সেল নিয়োগ বা অপসারণ করতে পারেন। একই সাথে, সিটির প্রতিষ্ঠান যেমন মেয়র ও সিটি কাউন্সিলের আইনি বিবাদ থাকে এবং কর্পোরেশন কাউন্সেলকে অবশ্যই নির্ধারণ করতে হবে যে আইন বিভাগ কীভাবে সামগ্রিকভাবে সিটির স্বার্থ উপস্থাপন করতে পারে।

### যদি ব্যালট প্রশ্ন #3 পাস করে:

কর্পোরেশন কাউন্সেল মেয়রের মাধ্যমে নিয়োগ অব্যাহত থাকবে, তবে এই নিয়োগটি অবশ্যই সিটি কাউন্সিলের দ্বারা অনুমোদিত হতে হবে। মেয়রকে পদ শূন্য হওয়ার 60 দিনের মধ্যে বা কাউন্সিলের মেয়রের প্রাথমিক মনোনীত প্রার্থীকে অনুমোদন না দিলে কাউন্সিলের কাছে একজন নতুন কর্পোরেশন কাউন্সেল প্রার্থীকে উপস্থিত করতে হবে।

# প্রশ্ন #4:
# সিটি বাজেট

## আপনি ব্যালটে যা দেখবেন

*প্রশ্ন #4 সিটি বাজেট*

*এই প্রস্তাবটি সিটি চার্টারকে সংশোধন করবে:*

*ভবিষ্যতের জন্য অর্থ সঞ্চয় করার জন্য এবং অপ্রত্যাশিত অর্থনৈতিক মন্দা মোকাবেলা করার জন্য সিটিকে রেভিনিউ স্টেবিলাইজেশন ফাণ্ড বা রেইনি ডে ফাণ্ড "(rainy day fund)," ব্যবহার করার অনুমতি প্রদান করতে হবে। এই রেইনি ডে ফাণ্ড ব্যবহারযোগ্য করার জন্য ষ্টেট আইনের পরিবর্তন প্রয়োজন হতে পারে;*

*পাবলিক এডভোকেট এবং বরো প্রেসিডেন্ট এর জন্য নূন্যতম বাজেট ধার্য করুন। প্রতিটি অফিসের বাজেট নূন্যতম করার জন্য এর অর্থ বছর 2020 এর বাজেটের পরিমাণ যত সম্ভব বেশি করে ধার্য করতে হবে এটা সারা বছর ব্যাপী ক্রমান্বয়ে মুদ্রাস্ফীতির হার অনুসারে কমিয়ে আনতে হবে বা এর ফলে সিটির মোট খরচের বাজেটের হার পরিবর্তিত হবে (কিছু কিছু বিষয় ব্যতিরেকে) অন্যথায়, মেয়র মনে করবেন যে অর্থ বছরের জন্য তুলনামূলকভাবে কম অর্থ দরকার হবে;*

*সিটি কাউন্সিল কর্তৃক 26 এপ্রিল (5 জুন এর পরিবর্তে) তারিখের মধ্যে মেয়রের নিকট একটা অনুমিত নন প্রোপার্টি কর রাজস্ব পেশ করতে হবে। মেয়র ঐ তারিখের পর একটা আনুমানিক হালনাগাদ বাজেট পেশ করতে পারেন কিন্তু 25 মে তারিখের পর যদি হালনাগাদ আনুমানিক বাজেট পেশ করা হয় তাহলে কেন রাজস্বগতভাবে প্রয়োজন ছিল তাকে অবশ্যই তা বুঝিয়ে বলতে হবে এবং*

*প্রয়োজনে মেয়রকে সিটির অর্থনৈতিক পরিকল্পনায় পরিবর্তন আনতে হবে যার জন্য বাজেটকে বাস্তবায়ন করতে হলে আধুনিকীকরণ করা লাগবে, অনুমিত প্রস্তাবিত বাজেটটি 30 দিনের মধ্যে কাউন্সিলে পেশ করতে হবে।*

*এই প্রস্তাব কি গৃহীত হবে?*

## রেভিনিউ স্ট্যাবিলাইজেশন ফান্ড (যা “রেইনী ডে” ফান্ড হিসেবেও পরিচিত

### CFB সংক্ষেপ:

একটি “Rainy Day (রেইনি ডে)” তহবিল হলো এক বছরের বাজেটের পাশাপাশি রাখা অর্থের একটি পুল যা ভবিষ্যত সময়ে অর্থনৈতিক মন্দা বা সংকটের ক্ষেত্রে ব্যবহৃত হয়। বর্তমানে নিউ ইয়র্ক সিটি (New York City) প্রতিবছর তার বাজেটের সামঞ্জস্য রক্ষা করার জন্য সিটি এবং স্টেট আইন উভয়টিই প্রয়োজন অর্থাৎ প্রতি বছরের ব্যয় তার আয়ের চেয়ে বেশি হতে পারবে না এবং রাজস্ব হ্রাস পেলে নগর বাজেটের সামঞ্জস্য রক্ষা করতে রেইনি ডে তহবিল ব্যবহার করতে পারবে না। যদিও সিটির রিজার্ভে কিছু অর্থ আলাদা করে রাখা হয়েছে, তবে অনেক সময় এটি রিটায়ারি হেলথ বেনিফিটস ট্রাস্টে (Retiree Health Benefits Trust) আমানত হ্রাস করে বর্তমান ব্যয়ের জন্য কিছু অর্থ প্রদান করে (পৌরসভার কর্মীদের অবসরকালীন স্বাস্থ্য সম্পর্কিত সুবিধাগুলির জন্য অর্থ প্রদান করতে রাখা অর্থ)।

### যদি ব্যালট প্রশ্ন #4 পাস করে:

চার্টারটি সিটিকে কে একটি রেইনি ডে তহবিল গঠনের অনুমতি দেবে যতক্ষণ না সেটি স্টেট আইনের সম্মতির মাধ্যমে ব্যবহৃত হবে। স্টেট ফিনান্সিয়াল ইমার্জেন্সী আইন নিউ ইয়র্ক সিটি কর্তৃক রেইনী ডে ফান্ড উত্তোলনের অনুমোদন করে।

## পাবলিক এডভোকেট এবং বরো প্রেসিডেন্টদের জন্য সংরক্ষিত বাজেট

### CFB সংক্ষেপ:

পাবলিক এডভোকেট এবং বরো প্রেসিডেন্টদের বাজেটগুলি মেয়র এবং সিটি কাউন্সিলের দ্বারা আদর্শ বাজেট আলোচনা প্রক্রিয়ার মাধ্যমে নির্ধারিত হয় এবং এই বাজেটগুলি বছর ভেদে কম বা বেশি হতে পারে।

### যদি ব্যালট প্রশ্ন #4 পাস করে:

পাবলিক এডভোকেট এবং বরো প্রেসিডেন্টদের বাজেট হবে ন্যূনতম, নগরের ব্যয় বাজেটের বা মুদ্রাস্ফীতির হারের সাথে বৃদ্ধি হবে, সেটি যতই কম হোক। মেয়র এই বাজেটগুলি সর্বনিম্নের পরেও হ্রাস করতে পারেন কেবলমাত্র যদি তিনি লিখিত ব্যাখ্যা প্রদান করে দেখান যে এই কর্তনগুলি প্রয়োজনীয় ছিল এবং সিটির বাজেট হ্রাস করার সামগ্রিক পরিকল্পনার একটি অংশ ছিল।

## রাজস্ব অনুমান

### CFB সংক্ষেপ:

জুলাই 1 এ অর্থবছর শুরুর আগে সিটি কাউন্সিলকে আইনগতভাবে নিশ্চিত করতে হবে যে সিটির বাজেটে সামঞ্জস্য আছে, এর অর্থ হলো বছরের জন্য সিটির ব্যয় পরিকল্পনা অনুদানের প্রত্যাশার চেয়ে বেশি হবে না। প্রতিবছর, মেয়রকে সম্পত্তি কর, যেমন আয়কর, বিক্রয় কর এবং স্টেট ও ফেডারেলের অনুদান ব্যতীত নগরের অর্থের উৎসগুলির একটি প্রাক্কলন প্রস্তুত করতে হয় এবং জুন 5 এর মধ্যে কাউন্সিলের কাছে এটি সরবরাহ করতে হয়। বাজেটটি গৃহীত হলে, কাউন্সিল এই প্রাক্কলনটি সম্পত্তি করের হার নির্ধারণ এবং বাজেটের সামঞ্জস্য রক্ষার জন্য ব্যবহার করেন। বাস্তবে, মেয়র বাজেট গৃহীত হওয়ার সময়টির খুব কাছাকাছি সময়ে প্রাক্কলন সরবরাহ করেন, সিটি কাউন্সিলকে নগরের সম্পত্তি করের হারের উপর নগরের তহবিলের প্রয়োজনীয়তার প্রভাব বিবেচনা করার জন্য সামান্য সময় দেন।

### যদি ব্যালট প্রশ্ন #4 পাস করে:

মেয়রকে নির্বাহী বাজেট জমা দেওয়ার একই সময় এপ্রিল 26 এর মধ্যে সম্পত্তি-ছাড়া করের রাজস্বের প্রাক্কলন কাউন্সিলের কাছে জমা দিতে হবে সুতরাং সামঞ্জস্যপূর্ণ বাজেট নিশ্চিত করার জন্য কাউন্সিলের কাছে তাদের কাজ করার জন্য যথেষ্ট সময় থাকে। মেয়রকে 25 মে পর্যন্ত (সামঞ্জস্যপূর্ণ বাজেট গ্রহণের সময়সীমার 11 দিন পূর্বে) রাজস্ব প্রাক্কলনটি সংশোধন করার অনুমতি দেওয়া হবে। 25 মে এর পরে, কেবলমাত্র মেয়র, যে কারণে সেটির পরিবর্তন করা বিশেষভাবে প্রয়োজনীয়, তার লিখিত ব্যাখ্যা সরবরাহ করে প্রাক্কলনটি সংশোধন করতে পারবেন।

## বাজেট সংশোধনের সময়

### CFB সংক্ষেপ:

সিটির বাজেট প্রস্তুত করার পাশাপাশি, মেয়রকে আয় ও ব্যয়ের বিবরণসহ একটি আর্থিক পরিকল্পনা প্রস্তুত এবং প্রকাশ করতে হবে। মেয়রকে বছরে কমপক্ষে চারবার আর্থিক পরিকল্পনার হালনাগাদগুলি পর্যালোচনা করতে হবে এবং প্রকাশিত করতে হবে। যদি সিটির রাজস্ব বা ব্যয় বৃদ্ধি পায় বা কমে যায় বা মেয়র নতুন কর্মসূচীগুলিতে অর্থ ব্যয় করতে চায় তবে মেয়র নগরের গৃহীত বাজেটটি পরিবর্তন করতে পারেন। সেটি করার জন্য, মেয়রকে হয় কাউন্সিলের অনুমোদন চাইতে হবে অথবা কাউন্সিলকে প্রত্যাখ্যান করার সুযোগ দিতে হবে - তবে মেয়রের কাউন্সিলকে কখন অবহিত করতে হবে সেটি চার্টারটি নির্ধারিত করে না, যার অর্থ হোল পরিবর্তনগুলি ইতোমধ্যে কার্যকর হওয়ার অনেক পরেও এটি ঘটতে পারে।

### যদি ব্যালট প্রশ্ন #4 পাস করে:

মেয়রকে হালনাগাদকৃত আর্থিক পরিকল্পনা প্রকাশের 30 দিনের মধ্যে সিটি কাউন্সিল কে প্রয়োজনীয় বাজেট পরিবর্তন সম্পর্কে অবহিত করতে হবে।

# প্রশ্ন #5:
# ভূমি ব্যবহার

## আপনি ব্যালটে যা দেখবেন

*প্রশ্ন #5 ভূমি ব্যবহার*

*এই প্রস্তাবটি সিটি চার্টারকে সংশোধন করবে:*

*প্রকল্পগুলোর ইউনিফর্ম ল্যান্ড ইউসেজ রিভিউ প্রসিডিউর (ULURP) ব্যবহার করতে ডিপার্টমেন্ট অফ সিটি প্ল্যানিং (DCP) এর সাপেক্ষে সহায়তা দরকার হবে কারন এটা বরো প্রেসিডেন্ট, বরো বোর্ড এন্ড কমিউনিটি বোর্ড এর নিকট সবিস্তারে প্রকল্পের সার সংক্ষেপ এবং ফলাফলসহ পাবলিক রিভিউর আবেদন পেশ করা এবং ওয়েবসাইটে পোস্ট করার নূন্যতম 30 দিন পূর্বে দাখিল করতে হবে এবং*

*1 জুন এবং 15 জুলাই এর মধ্যে ডিসিপি দ্বারা জনসাধারণের পর্যালোচনায়ের জন্য প্রত্যয়িত ULURP এপ্লিকেশনগুলি পর্যালোচনা করার জন্য অতিরিক্ত সময়সহ কমিউনিটি বোর্ডকে সরবরাহ করুন, বর্তমান 60 দিনের পর্যালোচনা সময়ের থেকে জুন মাসে প্রত্যয়িত এপ্লিকেশনের জন্য 90 দিন এবং 1 জুলাই থেকে 15 জুলাই এর মধ্যে প্রত্যয়িত এপ্লিকেশনের জন্য 75 দিন।*

*এই প্রস্তাব কি গৃহীত হবে?*

# ব্যালট প্রশ্ন #5 এর সারাংশ ও ব্যাখ্যা

## ULURP প্রি-সার্টিফিকেশন নোটিশের সময়

### CFB সংক্ষেপ:

এমন কিছু আইন আছে যেগুলি সিটির জমির প্রতিটি ব্লকে কোন ধরনের বিল্ডিং নির্মিত হতে পারে, সেই বিল্ডিংগুলি কত উঁচু হতে পারে এবং কীভাবে সেগুলি ব্যবহার করা যেতে পারে তা নিয়ন্ত্রণ করে। সিটির “ভূমি ব্যবহারের পদ্ধতিসমূহ,” পর্যালোচনা ও অনুমোদনের জন্য একটি প্রক্রিয়া রয়েছে যেটি প্রয়োজন হয় যখন নির্মাতা বা ডেভেলপাররা এই নিয়মগুলির ব্যতিক্রমগুলি অনুসন্ধান করে, যেমন আবাসিক থেকে বাণিজ্যিকে একটি নির্দিষ্ট অঞ্চলের জোনিং পরিবর্তন করতে চাইছেন, এমন কাঠামো তৈরির সমর্থনপেয়েছেন যা বর্তমান জোনিং বিধিমালাকে সে সকল ক্ষেত্রে কঠোরভাবে মেনে চলে না। এছাড়া সিটি যখন সম্পত্তি ক্রয়, বিক্রয় করে বা লিজ দেয় তখনও সেগুলির প্রয়োজন হয়। এই পর্যালোচনা প্রক্রিয়াটি ULURP (Uniform Land Use Review Procedure) নামে পরিচিত এবং এটির অর্থ হচ্ছে কমিউনিটি বোর্ড, বরো প্রেসিডেন্ট, সিটি প্ল্যানিং কমিশন, সিটি কাউন্সিল এবং জনসাধারণকে এই অনুরোধগুলি পর্যালোচনা ও বিবেচনা করার সুযোগ দেওয়ার জন্য অনুমতি প্রদান করা। বর্তমানে, যতক্ষণ না সিটি পরিকল্পনা বিভাগ (DCP) পর্যালোচনা করেছে, সম্ভব্য পরিবর্তন করছে এবং চূড়ান্তভাবে ভূমি ব্যবহারের আবেদন যে সম্পূর্ণ হয়েছে তা প্রমাণিত হওয়া পর্যন্ত ততক্ষণ এই জনস্বীকৃতি প্রক্রিয়া শুরু হয় না। DCP দ্বারা আবেদনটি পর্যালোচনা করার সময়কালে, ডেভেলপারের বরো প্রেসিডেন্ট, কমিউনিটি বোর্ড বা আশেপাশের লোকজন, যাদের উপর প্রভাব পরবে, তাঁদের কাছ থেকে যেকোনো ইনপুট চাওয়ার বা তাদেরকে জানানোর প্রয়োজন হয় না।

### যদি ব্যালট প্রশ্ন #5 পাস করে:

DCP-কে প্রস্তাবিত স্থান এবং প্রস্তাবিত উন্নয়ন বা কর্মের উদ্দেশ্যসহ প্রতিটি ভূমি ব্যবহার প্রক্রিয়ার একটি বিশদ প্রকল্প সংক্ষিপ্তসার পাঠাতে হবে সংশ্লিষ্ট বরো প্রেসিডেন্ট, বরো বোর্ড এবং কমিউনিটি বোর্ডের কাছে,প্রক্রিয়টি সম্পূর্ণ হয়েছে তা DCP এর প্রত্যায়ন করার কমপক্ষে 30 দিন আগে এবং অবশ্যই তার ওয়েবসাইটে সংক্ষিপ্তসারটি পাঁচ দিনের মধ্যে প্রকাশ করতে হবে। DCP কর্তৃক অনুমোদিত ভূমি ব্যবহারের প্রক্রিয়াগুলি এই বিশদ সংক্ষিপ্তসারগুলির সাথে সামঞ্জস্যপূর্ণ হতে হবে।

## কমিউনিটি বোর্ডের জন্য ULURP অতিরিক্ত পর্যালোচনার সময়

### CFB সংক্ষেপ:

যখন কোনো কমিউনিটি বোর্ড ভূমি ব্যবহারের প্রক্রিয়া পেয়ে থাকে যা DCP কর্তৃক সম্পন্ন হওয়ার প্রশংসাপত্র প্রাপ্ত হয়েছে তখন কমিউনিটিকে অবহিত করার জন্য, জনসাধারণের শুনানির জন্য, খসড়া তৈরি করতে ও প্রকল্প সম্পর্কে সেটির সুপারিশগুলিতে ভোট দেওয়ার জন্য এবং সেটিকে সংশ্লিষ্ট বরো ও সিটি পরিকল্পনা কমিশনে জমা দেওয়ার জন্য 60 দিন সময় থাকে। কিছু কমিউনিটি বোর্ড জুলাই এবং আগস্টে আলোচনায় বসে না কারণ তখন তাদের উল্লেখযোগ্য সংখ্যক সদস্য ছুটিতে থাকে, তাই তারা শুনানির আয়োজন করতে পারেন না, সুপারিশগুলির খসড়া করতে পারেন না বা তাদের সদস্যদের বেশির ভাগকেই ঐ মাসগুলিতে ভোট দেওয়ার জন্য একত্রিত করতে পারেন না।

### যদি ব্যালট প্রশ্ন #5 পাস করে:

কমিউনিটি বোর্ডগুলির জুনে তাদের কাছে প্রেরিত প্রত্যয়িত ভূমি ব্যবহারের প্রক্রিয়াগুলি পর্যালোচনা করার জন্য 90 দিন সময় থাকবে এবং 1 জুলাই ও 15 জুলাই তারিখের মধ্যে পাঠালে পর্যালোচনা করার জন্য 75 দিন সময় থাকবে।

# সচরাচর জিজ্ঞাস্য প্রশ্নাবলী

### আমি ভোট দেওয়ার জন্য নিবন্ধিত কি না তা আমার জানা নেই - আমি তা কীভাবে জানতে পারব?

আপনার নিবন্ধনের অবস্থা অনলাইনে চেক করতে **voting.nyc** তে যান অথবা সহায়তার জন্য **866-VOTE-NYC** (TTY 212-487-5496 শ্রবণ প্রতিবন্ধীদের জন্য) কল করুন।

### আমার নিবন্ধনের মেয়াদ কি উত্তীর্ণ হতে পারে?

আপনার নিবন্ধনের কোন মেয়াদ নেই। তবে, আপনি যদি BOE-কে আপনার ঠিকানা হালনাগাদ সম্পর্কে অবহিত না করে ঠিকানা পরিবর্তন করেন অথবা টানা দুইবার ফেডারেল নির্বাচনে ভোট প্রদান না করে থাকেন, তাহলে আপনার ভোটকেন্দ্রে ভোটার রোলে আপনার নাম নাও থাকতে পারে। যদি এরকম পরিস্থিতি হয়ে থাকে, তাহলেও এফিডেভিট ব্যালটের মাধ্যমে আপনার ভোট দেওয়ার অধিকা থাকবে।

### আমি ভোট দিতে কোথায় যাব?

আপনার ভোটকেন্দ্রর অবস্থান অনলাইনে **voting.nyc** এ গিয়ে খুঁজে দেখুন অথবা **866-VOTE-NYC** এ কল করুন। ভোট দিতে যাওয়ার পূর্বে আপনার ভোটকেন্দ্রর অবস্থান নিশ্চিত করতে ভুলবেন না।

### ভোট প্রদান করার জন্য আমাকে কি আমার পরিচয়পত্র দেখাতে হবে?

অধিকাংশ ক্ষেত্রে, ভোট প্রদানের জন্য পরিচয়পত্র দেখানোর প্রয়োজন নেই। তবে, যদি আপনি আপনার ভোটার নিবন্ধনের সময় সোশ্যাল সিকিউরিটি নম্বর অথবা ড্রাইভার লাইসেন্স নম্বর না দিয়ে থাকেন এবং আপনি যদি আপনার ভোটকেন্দ্রে প্রথমবার ভোট দিতে যান, তাহলে এই নির্বাচনে আপনাকে আপনার পরিচয়পত্র দেখাতে হতে পারে।

### যদিগত ভোট প্রদানের পর আমি নিউ ইয়র্ক সিটির ভেতরেই স্থানান্তরিত হয়ে থাকি?

বছরে একবার আপনার নিবন্ধনের তথ্য (যদি আপনি স্টেটে স্থানান্তরিত হয়ে থাকেন) BOE হালনাগাদ করবে। কিন্তু, যদি আপনি সম্প্রতি স্থানান্তরিত হয়ে থাকেন, তাহলে আপনার তথ্য হালনাগাদ আছে কি না তা নিশ্চিত করতে **voting.nyc** তে গিয়ে আপনার নিবন্ধনের তথ্য পরীক্ষা করে দেখুন। যদি তথ্য হালনাগাদ না থাকে, তাহলে একটি নতুন ভোটার নিবন্ধন ফরমে "ভোট প্রদানের তথ্য পরিবর্তিত হয়েছে" বক্সসহ ফরমটি পূরণ ও জমা দেওয়ার মাধ্যমে আপনি আপনার নিবন্ধন হালনাগাদ করতে পারবেন। আপনার নতুন ও পুরনো ঠিকানা লিখুন, আপনি যে দলে যোগদান করতে চান (আপনি আগের ঠিকানাতে কোনো দলে অন্তর্ভুক্ত থাকলেও এটি পূরণ করুন) তা উল্লেখ করুন এবং অন্যান্য প্রয়োজনীয় তথ্য প্রদান করুন। যদি আপনি স্থানান্তরিত হয়ে থাকেন কিন্তু নির্দিষ্ট সময়সীমার মধ্যে BOE তে আপনার ঠিকানা পরিবর্তন না করে থাকেন, তাহলে আপনাকে অবশ্যই আপনার নতুন ভোটকেন্দ্রে যেতে হবে এবং এফিডেভিট ব্যালটের মাধ্যমে ভোট দিতে হবে। আপনার ঠিকানা পরিবর্তন প্রক্রিয়াকৃত হয়েছে কি না তা জানতে **866-VOTE-NYC** এ কল করুন।

### আমার নাম যদি ভোটারদের নিবন্ধিত তালিকায় না থাকে তাহলে কী হবে?

আপনার নিবন্ধন ও ভোটকেন্দ্র সম্পর্কে তথ্য **voting.nyc** এ দেখুন।

যদি আপনার নাম নিবন্ধিত ভোটার তালিকায় না থাকে, কিন্তু আপনি মনে করেন যে আপনি এখনো ভোট প্রদানের জন্য যোগ্য রয়েছেন, তাহলে একটি এফিডেভিট ব্যালটের জন্য নির্বাচন কর্মীকে বলুন এবং নির্দেশনাসমূহ অনুসরণ করুন।

### এফিডেভিট ব্যালট কী?

আপনি যদি বিশ্বাস করেন যে আপনি ভোট দেওয়ার যোগ্য কিন্তু আপনার নাম নিবন্ধিত ভোটার তালিকায় অন্তর্ভুক্ত নেই এবং আপনি ভোট দেওয়ার জন্য সঠিক ভোটকেন্দ্রে এসেছেন (উদাহরণস্বরূপ, যদি হালনাগাদ করা ছাড়াই আপনি আপনার ঠিকানা পরিবর্তন করে থাকেন কিংবা সময়ের মধ্যে আপনার ঠিকানা পরিবর্তন প্রক্রিয়া সম্পন্ন না হয়ে থাকে), তখন যে কাগজের ব্যালটের মাধ্যমে আপনি ভোট দিতে পারবেন, তা হচ্ছে এফিডেভিট ব্যালট। এই ব্যালট ও খাম পূরণ করার জন্য নির্দেশনা অনুসরণ করুন এবং পূরণ করার পর সেগুলো একজন নির্বাচন কর্মীকে দিয়ে দিন। নির্বাচনের পর, বোর্ড অভ ইলেকশন তার নথিসমূহ পরীক্ষা করবে—যদি আপনি ভোট প্রদানে যোগ্য হয়ে থাকেন, ভোট দেওয়ার সঠিক ভোটকেন্দ্রে পৌঁছান এবং নির্ভুলভাবে ব্যালট ও খাম পূরণ করে থাকেন, তাহলে আপনার ভোটটি গণনা করা হবে। নতুবা, আপনাকে একটি নোটিশ পাঠানো হবে যে আপনার ভোটটি গণনা করা হয়নি।

পরবর্তী নির্বাচনগুলোর জন্য আপনার এফিডেভিট ব্যালটের ফর্মটি আপনারনিবন্ধন হিসেবে কাজ করবে।

### যদি একজন নির্বাচন পর্যবেক্ষক আমার ভোট দেওয়ার অধিকারকে চ্যালেঞ্জ করে?

যদি একজন নির্বাচন পর্যবেক্ষক আপনার ভোট দেওয়ার অধিকারকে চ্যালেঞ্জ করে থাকেন (উদাহরণস্বরূপ, যদি আপনি যে ব্যক্তি হওয়ার পরিচয় দাবি করছেন সে ব্যক্তি না হন অথবা সে ডিস্ট্রিক্টে বসবাসকারী না হন), আপনি একজন নির্বাচন কর্মীকে জিজ্ঞেস করতে পারেন যাতে তিনি ভোট দেওয়ার জন্য আপনার যোগ্যতা নিশ্চিত করার জন্য আপনাকে শপথ প্রদান করেন। আপনাকে শপথ ভঙ্গের শাস্তিবিধানের অধীনে এই মর্মে শপথ করতে হবে যে আপনি ভোট দেওয়ার জন্য উপযুক্ত এবং যোগ্য, এরপর আপনাকে একটি সাধারণ ব্যালটে (এফিডেভিট নয়) ভোট প্রদানের অনুমতি দেওয়া হবে।

### যদি আমি নির্বাচনের দিন আমার ভোটকেন্দ্রে যেতে না পারি?

অক্টোবর মাসের শুরু থেকেই, আপনি নির্বাচন শুরু হওয়ার 10 দিন আগে থেকেই আপনার ভোট দিতে পারবেন। অগ্রিম ভোট দেওয়ার বিষয়ে আরো তথ্যের জন্য পৃষ্ঠা 4 দেখুন।

নির্বাচনের দিন নিউ ইয়র্ক সিটিতে না থাকার কারণে আপনি যদি আপনার ভোটকেন্দ্রে পৌঁছাতে না পারেন; অস্থায়ী বা স্থায়ী অসুস্থতা বা শারীরিক অক্ষমতা; হাসপাতালে ভর্তি; অসুস্থ বা অক্ষম যে কোনও ব্যক্তির প্রাথমিক সেবার দায়িত্ব; বা কোনও সাবেক সেনা প্রশাসনের হাসপাতাল বা কারাগারে আটক থাকার কারনে, কোনও গ্র্যান্ড জুরিতে বিচার বা সাজার অপেক্ষায়, বা কোনও অপরাধের জন্য সাজা ভোগ করছে যা কোনও গুরুতর অপরাধ নয় তবে অনুপস্থিত ব্যালটের মাধ্যমেও আপনার কাছে ভোট দেওয়ার বিকল্প পন্থা রয়েছে।

**অনুপস্থিত (অ্যাবসেন্টি) ভোট ডাকযোগে দিতে চাইলে:** একটি অ্যাবসেন্টি ব্যালট আবেদনের জন্য আবেদন করতে **866-VOTE-NYC** এ কল করুন অথবা BOE এর ওয়েবসাইট **vote.nyc.ny.us** থেকে ডাউনলোড করে নিন। আবেদন ফরমটি পূরণ করে আপনার BOE বরো অফিসে নির্দিষ্ট সময়সীমার মধ্যে পাঠিয়ে দিন। BOE আপনাকে ডাকযোগে একটি অ্যাবসেন্টি ব্যালট পাঠাবে। তা পূরণ করে নির্দিষ্ট সময়সীমার মধ্যে ("নির্বাচনের তারিখ ও নির্দিষ্ট সময়সীমা" দেখুন) BOE বরো অফিসে পাঠিয়ে দিন।

**স্বশরীরে অ্যাবসেন্টি ভোট দিতে চাইলে:** ব্যালট আয়ত্বগত হওয়ার সাথে সাথেই স্বশরীরে অ্যাবসেন্টি ভোট প্রদান শুরু হয়ে যায় এবং তা নির্বাচনের আগের দিন শেষ হয়। এই প্রক্রিয়াটি সোমবার থেকে শুক্রবার সকাল 9:00 থেকে বিকাল 5:00 পর্যন্ত আপনার BOE বরো অফিসে পরিচালিত হয়। অ্যাবসেন্টি ভোট প্রদানের জন্য অতিরিক্ত সময় নির্বাচনের পূর্বে বরাদ্দ করা হতে পারে।

বিশেষ দ্রষ্টব্য: যদি ডাকের মাধ্যমে অ্যাবসেন্টি ব্যালট সংগ্রহ করার নির্দিষ্ট সময়সীমা পার হয়ে যায় এবং কোনো দুর্ঘটনা বা আকস্মিক অসুস্থতার কারণে যদি আপনি নির্বাচনের দিনে আপনার ভোটকেন্দ্রে উপস্থিত হতে না পারেন, তবে আপনার পক্ষ থেকে অ্যাবসেন্টি ব্যালট সংগ্রহ করার জন্য আপনার প্রতিনিধিকে আপনার অনুমতিপত্রসহ BOE বরো অফিসে পাঠাতে পারেন। সম্পূর্ণ পূরণকৃত আবেদন এবং ব্যালটটি অবশ্যই আপনার BOE বরো অফিসে নির্বাচনের দিন সকাল 9:00 এর মধ্যে ফেরত দিতে হবে।

## নির্বাচনের দিনের পূর্বে আমি কি স্বশরীরে ভোট দিতে পারব?

অক্টোবর মাসের শুরু থেকেই আপনি নির্বাচনে অগ্রিম ভোট দিতে পারবেন। ভোটের দিনের পূর্বেই ভোট প্রদানের জন্য একটি বরাদ্দকৃত ভোট কেন্দ্র পেতে এবং ভোট প্রদানের জন্য আপনার কাছে 9 টি অতিরিক্ত দিন থাকবে (নির্বাচন দিনের পূর্বের দুই টি সাপ্তাহিক ছুটি এতে অন্তর্ভুক্ত রয়েছে)।

## যদি নির্বাচনের দিন ভোট প্রদানের জন্য কর্মস্থল থেকে আমার ছুটি নেওয়ার প্রয়োজন হয়?

আপনি যদি নির্বাচনের দিন ভোট দেওয়ার পরিকল্পনা করেন, আপনার নিয়োগকর্তাকে স্টেটের আইন অনুসারে আপনাকে ভোট দেওয়ার জন্য ছুটি দিতে হবে। যদি আপনি আপনার নিয়োগকর্তাকে কমপক্ষে 2 কর্মদিবস পূর্বে অবহিত করেন, তবে এই শর্ত সাপেক্ষে নির্বাচনের দিন আপনার ভোট দেয়ার জন্য আপনি আপনার শিফটের শুরুতে বা শেষের তিন ঘন্টা পর্যন্ত বেতনভোগী ছুটি পেতে পারেন। আপনার নিয়োগকর্তাকে অবশ্যই প্রতি নির্বাচনের কমপক্ষে 10 কর্মদিবসের আগে এ সংক্রান্ত একটি নোটিশ স্পষ্ট করে কর্মক্ষেত্রে জারি করতে হবে। নির্বাচনের দিন নির্বাচন শেষ না হওয়া পর্যন্ত নোটিশটি অবশ্যই জারিকৃত অবস্থায় থাকবে।

## আমার শারিরীক অক্ষমতা রয়েছে এবং ভোট দিতে আমার সহায়তার প্রয়োজন। আমার জন্য কী কী সহায়তা রয়েছে?

ভোটকেন্দ্রে পৌঁছে আপনার পছন্দের যেকোনো ব্যক্তির (আপনার নিয়োগকর্তা বা ইউনিয়ন প্রতিনিধি ব্যতীত) কাছ থেকে সহায়তার জন্য অনুরোধ করা এবং তা পাওয়ার অধিকার আপনার রয়েছে। সহায়তা অথবা ব্যালট মার্কিং ডিভাইস (BMD) ব্যবহার করার অনুরোধ করতে আপনি ভোটকেন্দ্রের যেকোনো ভোটকর্মী থেকে সাহায্য চাইতে পারেন। ডিসপ্লে স্ক্রীনে ব্যালট দেখতে অথবা হেডফোনের মাধ্যমে আপনার পছন্দসমূহ শুনতে আপনি BMD ব্যবহার করতে পারেন।

ভোটকেন্দ্রে যেতে অক্ষম হলে অ্যাবসেন্টি ভোট প্রদানের অধিকার আপনার রয়েছে। একটি অ্যাবসেন্টি ব্যালট প্রাপ্তি সম্পর্কে আরো তথ্যের জন্য "যদি আমি নির্বাচনের দিন আমার ভোটকেন্দ্রে যেতে না পারি?" বিভাগটি দেখুন।

## আমার এমন বন্ধু বা পরিবারের সদস্য রয়েছেন যাদের ভোট প্রদানের জন্য সহায়তার প্রয়োজন। আমি কি তাদের সহায়তা করতে পারি?

হ্যাঁ। ভোটকেন্দ্রে অবস্থানের সময় পছন্দের যেকোনো ব্যক্তির (তাদের নিয়োগকর্তা বা ইউনিয়ন প্রতিনিধি ব্যতীত) কাছ থেকে সহায়তার জন্য অনুরোধ করা এবং তা পাওয়ার অধিকার একজন ভোটারের রয়েছে।

## লঘু অপরাধের জন্য দোষী সাব্যস্ত হলে আমি কি ভোট দিতে পারব?

যদি আপনি লঘু অপরাধের জন্য দোষী সাব্যস্ত হোন, তবে কারাগার থেকেও আপনি নির্বাচনের জন্য নিবন্ধন করতে পারবেন এবং ভোট দিতে পারবেন। আপনি নিউ ইয়র্ক সিটির অথবা অন্য কোনো স্টেটের আদালত কিংবা কোনো ফেডারেল আদালতে দোষী সাব্যস্ত হলেও একই নিয়ম প্রযোজ্য হবে। এর জন্য আপনাকে কোন ডকুমেন্ট প্রদান করতে হবে না।

## গুরুতর অপরাধের জন্য দোষী সাব্যস্ত হলে আমি কি ভোট দিতে পারব?

আপনি নিবন্ধন করতে ও ভোট দিতে পারবেন যদি একটি গুরুতর অপরাধের জন্য দোষী সাব্যস্ত হয়ে থাকেন এবং এই গুরুতর অপরাধের জন্যঃ


- আপনি প্রবেশনের জন্য দণ্ডিত হয়েছিলেন;
- আপনাকে কারাগারে দন্ডিত করা হয়নি বা কারাগারে আপনার শাস্তি স্থগিত করা হয়েছিল;
- আপনি কারাগারে সর্বোচ্চ মেয়াদে শাস্তিভোগ করেছেন, অথবা কারাগারে আপনার সর্বোচ্চ মেয়াদ শেষ হয়ে গিয়েছে, এক্ষেত্রে আপনি নিবন্ধন/পুনরায় নিবন্ধন করতে এবং ভোট দিতে পারেন
- আপনি প্যারোলে ছিলেন এবং তারপরকারামুক্ত হয়েছেন, এই ক্ষেত্রে আপনি নিবন্ধন/পুনরায় নিবন্ধন করতে এবং ভোট দিতে পারেন; অথবা
- আপনি নিউ ইয়র্ক স্টেট (NYS) এক্সিকিউটিভ অর্ডার নং 181 এর মতো আদেশের অধীনে ক্ষমা পেয়েছেন অথবা অক্ষমতার কারনে একটি সার্টিফিকেট অভ রিলিফ পেয়েছেন অথবা প্যারোলে থাকাকালীন একটি সার্টিফিকেট অভ গুড কনডাক্ট (**doccs.ny.gov/certrelief.html**) আপনার নামে জারি করা হয়েছে।

আপনি নিবন্ধন করতে ও ভোট দিতে পারবেন **না** যদি একটি গুরুতর অপরাধের জন্য দোষী সাব্যস্ত হয়ে থাকেন এবং এই গুরুতর অপরাধের জন্যঃ

- আপনি বর্তমানে কারাবন্দী অবস্থায়আছেন; অথবা
- আপনি প্যারোল তত্বাবধান অধীনে রয়েছেন, যদি না:
  - আপনি NYS এক্সিকিউটিভ অর্ডার নং 181 "প্যারোলে থাকা নিউ ইয়র্ক বাসীর ভোট দেওয়ার অধিকার পুনরুদ্ধার" এর মতো আদেশের অধীনে ক্ষমা পেয়েছেন (এই আদেশের অধীনে প্যারোলে থাকা ব্যক্তিগণ "ভোট প্রদানের জন্য ক্ষমা" পেয়েছেন কি না তা জানতে ডিপার্টমেন্ট অভ কারেকশন্স অ্যান্ড কমিউনিটি সুপারভিশনের ওয়েবসাইট **doccs.ny.gov/ParoleeLookup/Lookup.aspx** -এ দেখতে হবে অথবা তাদের প্যারোল অফিসারের মাধ্যমে জেনে নিতে হবে) অথবা
  - অক্ষমতার কারনে একটি সার্টিফিকেট অভ রিলিফ বা প্যারোলে থাকাকালীন সার্টিফিকেট অভ গুড কনডাক্ট আপনার নামে জারি করা হয়েছে।

## আমি বর্তমানে গৃহহীন, আমি কি ভোট দিতে পারবো?

হ্যাঁ, আপনি নিউ ইয়র্ক সিটিতে নিবন্ধন ও ভোট দিতে পারবেন। তবে, আপনাকে একটি চিঠি পাঠানোর ঠিকানা প্রদান করতে হবে, যাতে করে BOE আপনাকে নির্বাচন সংক্রান্ত নোটিশসমূহ পাঠাতে পারে।




## ভোটার গাইড বিষয়ে তথ্য

নির্বাচনে নিউ ইয়র্কবাসীদের অবহিত হয়ে সিদ্ধান্ত নিতে সহায়তা করার জন্য এই ভোটার গাইডটি নিউ ইয়র্ক সিটি ক্যাম্পেইন ফাইন্যান্স বোর্ড (CFB) কর্তৃক প্রণীত হয়েছে। মেয়র, পাবলিক অ্যাডভোকেট, কম্পট্রোলার, বরো সভাপতি বা সিটি কাউন্সিলের সদস্য এবং সিটি বা স্টেট ব্যালট প্রস্তাবনার নির্বাচনের জন্য, নিউ ইয়র্কের প্রতি নিবন্ধিত ভোটারের জন্য CFB একটি নির্দেশিকা প্রস্তুত করে (ইংরেজি ও স্প্যানিশ ভাষাতে সমগ্র শহরের জন্য এবং নির্দিষ্ট এলাকার জন্য চাইনিজ, কোরিয়ান ও বাংলা ভাষায়) এবং ডাকযোগে পাঠিয়ে দেয়। একই ভাষায় প্রতিটি নির্বাচনের জন্য আমরা একটি অনলাইন নির্দেশিকা তৈরি করে থাকি।

এই গাইডে থাকা প্রোফাইল ও ছবিগুলো প্রার্থী কর্তৃক CFB-এর কাছে জমা দেওয়া হয়েছে, যাদের মধ্যে সকলেই ঘোষণা দিয়েছেন যে, তাঁদের জানামতে প্রদত্ত তথ্য সঠিক। প্রার্থীর বিবৃতিতে যে দৃষ্টিভঙ্গি প্রকাশিত হয়েছে তা CFB-কে প্রতিনিধিত্ব করে না। সর্বসমক্ষে প্রকাশের সময় যেসকল প্রার্থী ব্যালটে থাকবেন বলে প্রত্যাশা করা হয় এই গাইডটিতে তাঁদের সকলের তালিকা থাকবে এবং তালিকাটিতে কোনোরূপ পরিবর্তন হলে তা হালনাগাদ করা হবে। একটি হালনাগাদ তালিকার জন্য, **voting.nyc** এ গিয়ে অনলাইন নির্দেশিকা দেখুন।

Crystal Choy, Gina Chung, Winnie Ng, Jennifer Sepso এবং Elizabeth A. Upp এর সমন্বয়ে গঠিত ক্যাম্পেইন ফিন্যান্স বোর্ডের কমিউনিকেশন ইউনিট এবং আইনি ও প্রার্থী নির্দেশিকা এবং নীতিমালা ইউনিটের সহায়তায় এই ভোটার নির্দেশিকা প্রস্তুত করা হয়েছে।

নিউ ইয়র্ক সিটি 2019 সাধারণ নির্বাচন ভোটার নির্দেশিকা কপিরাইট
© 2019 নিউ ইয়র্ক সিটি ক্যাম্পেইন ফাইন্যান্স বোর্ড (CFB) কর্তৃক প্রণীত।
সকল অধিকার সংরক্ষিত। টু টুয়েলভ দ্বারা ডিজাইনকৃত। মার্কিন যুক্তরাষ্ট্রে তৈরি।

## বোর্ড অব ইলেকশনস (BOE) এর সাথে যোগাযোগ করুন

নিউ ইয়র্ক বোর্ড অব ইলেকশনস এর মাধ্যমে আপনি আপনার ভোটার নিবন্ধন হালনাগাদকরণ, অ্যাবসেন্টি ব্যালটের জন্য আবেদন, নির্বাচন কর্মী বা অনুবাদক হওয়ার জন্য আবেদন এবং আরো অনেক কিছু করতে পারেন।

কাজের সাধারণ সময়সূচি: সোমবার থেকে শুক্রবার সকাল 9:00 থেকে বিকাল 5:00 পর্যন্ত; নির্বাচনের দিনের আগের সপ্তাহান্তে এবং নির্বাচনের দিনে (সময়সূচি জানতে **vote.nyc.ny.us** ওয়েবসাইট দেখুন)

**866-VOTE-NYC** এ কল করুন (শ্রবণ প্রতিবন্ধীদের জন্য TTY 212-487-5496)

### প্রধান অফিস

32-42 Broadway
7th Floor
New York, NY 10004
টেলিফোন: (212) 487-5400
ইমেইল: ElectionInfo@boe.nyc.ny.us

### ব্রংক্স

1780 Grand Concourse
5th Floor
Bronx, NY 10457
টেলিফোন: (718) 299-9017
ফ্যাক্স: (718) 299-2140

### ব্রুকলিন

345 Adams Street
4th Floor
Brooklyn, NY 11201
টেলিফোন: (718) 797-8800
ফ্যাক্স: (718) 246-5958

### ম্যানহাটন

200 Varick Street
10th Floor
New York, NY 10014
টেলিফোন: (212) 886-2100
ফ্যাক্স: (646) 638-2047

### কুইন্স

118-35 Queens Boulevard
11th Floor
Forest Hills, NY 11375
টেলিফোন: (718) 730-6730
ফ্যাক্স: (718) 459-3384

### স্ট্যাটেন আইল্যান্ড

1 Edgewater Plaza
4th Floor
Staten Island, NY 10305
টেলিফোন: (718) 876-0079
ফ্যাক্স: (718) 876-0912